আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৯ কলকাতা বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৩০ ভাদ্র ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# কেন্দ্রীয় সরকারে ২৫৩৬

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসে ২,৫৩৬ জন উচ্চ মাধ্যমিক পাশ তরুণ-তরুণীকে নেওয়া হবে। নিয়োগ করা হবে লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, ডেটা এন্ট্রি অপারেটর এবং ডেটা এন্ট্রি অপারেটর গ্রেড 'এ' পদে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি (১০+২) লেভেল এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য নেওয়া হবে দু'

## শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক

পর্যায়ের (টিয়ার-১ ও টিয়ার-২) কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

শিক্ষাগত যোগ্যতা: কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাবলিক ডিস্ট্রিবিউশন ও সংস্কৃতি মন্ত্রক এবং স্টাফ সিলেকশন কমিশনে ডেটা এন্ট্রি অপারেটর ও ডেটা এন্ট্রি অপারেটর গ্রেড 'এ' পদের ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে কম্পিউটারে প্রতি ঘণ্টায় ১৫,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে।

অন্যান্য দপ্তর, মন্ত্রক ও সরকারি অফিসে ডেটা এন্ট্রি অপারেটর, ডেটা এন্ট্রি অপারেটর গ্রেড 'এ', লোয়ার ডিভিশন ক্লার্ক ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। সেই সঙ্গে ডেটা এন্ট্রি অপারেটর ও ডেটা এন্ট্রি অপারেটর গ্রেড 'এ' পদের প্রার্থীদের কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। লোয়ার ডিভিশন ক্লার্ক ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রতি মিনিটে ইংরেজিতে ৩৫টি শব্দ বা হিন্দিতে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

সব ক্ষেত্রেই ৭-১০-২০২৬-এর মধ্যে শংসাপত্র হাতে পেয়ে থাকতে হবে।

এরপর দুয়ের পাতায়

# রেলে ৫৬০ প্যারামেডিক্যাল কর্মী

নিজস্ব প্রতিনিধি: প্যারামেডিক্যাল ক্যাটেগরিতে বিভিন্ন পদে ৫৬০ জন কর্মী নেবে রেল। ৮ সেপ্টেম্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির চেয়ারপার্সনদের তরফে সম্মিলিত ভাবে একটি সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি জারি করে এই নিয়োগের কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৫/২০২৬ অনুসারে নিয়োগ-প্রক্রিয়া পরিচালিত হবে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অনলাইন আবেদন শুরুর সম্ভাব্য তারিখ ১৫ সেপ্টেম্বর, আবেদন করা যাবে থেকে ১৪ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rrbapply.gov.in ১-১-২০২৭ তারিখ অনুসারে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

বিজ্ঞপ্তিতে পদের উল্লেখ নেই। তবে নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, ফার্মাসিস্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, হেলথ ইক্যুইপমেন্ট টেকনিশিয়ান, অপটোমেট্রিস্ট, হেল্‌থ ও ম্যালেরিয়া ইনস্পেক্টর, অডিওলজিস্ট, স্পিচ থেরাপিস্ট প্রভৃতি পদে নিয়োগ হয়ে থাকে। পদ অনুসারে বয়স হতে হয়।

বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় জানানো হবে। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: https://rrb.indianrailways.gov.in

# ইন্ডিয়া অপটেলে ১৫৪

প্রোজেক্ট টেকনিশিয়ান, ওয়েলফেয়ার অফিসার এবং জুনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ১৫৪ জনকে নেবে ইন্ডিয়া অপটেল লিমিটেড। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IOLHqrs/100(6)/2026-Rectt.

শূন্যপদের বিবরণ: প্রোজেক্ট টেকনিশিয়ান: ফিটার ইনস্ট্রুমেন্টস: ৩৯টি (সাধারণ ১৯, তফসিলি জাতি

এরপর চারের পাতায়

# পাঁচ পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে ১৮৭১ সাব-ইনস্পেক্টর

১,৮৭১ জন সাব-ইনস্পেক্টর নেবে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশ। পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী হল— বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স ও সশস্ত্র সীমা বল। ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'সাব-ইনস্পেক্টর ইন দিল্লি পুলিশ অ্যান্ড সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে।

শূন্যপদের বিবরণ: সাব-ইনস্পেক্টর (এক্সিকিউটিভ): দিল্লি পুলিশ: পুরুষ: ১৮৪টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৭৭, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৩, ওবিসি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ১৮। এর মধ্যে ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৯টি শূন্যপদ স্পেশ্যাল ক্যাটেগরিভুক্ত প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। মহিলা: ১১২টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ওবিসি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১১)।

সাব-ইনস্পেক্টর (জেনারেল ডিউটি): সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স: সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স: পুরুষ: ২২৫টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৩৪, তফসিলি

এরপর চারের পাতায়

## চণ্ডীগড়ের মেডিক্যাল এডুকেশন ইনস্টিটিউটে

# ২৪৩ নার্সিং অফিসার

নার্সিং অফিসার (গ্রুপ-'বি') পদে ২৪৩ জনকে নেবে চণ্ডীগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGI/RC/055/2026/2276.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড: NUR/001: নার্সিং অফিসার: ২৪৩টি (সাধারণ ৯৯, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১৮, ওবিসি ৬৬, আর্থিক ভাবে অনগ্রসর ২৪)। এর মধ্যে ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি এসসি নার্সিং বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং কোর্স পাশ। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট

এরপর দুয়ের পাতায়

# মহাকাশ গবেষণা কেন্দ্রে জুনিয়র রিসার্চ ফেলো

২৯ জন জুনিয়র রিসার্চ ফেলো নেবে ইন্ডিয়ান স্পেস অ্যাপ্লিকেশনস সেন্টার। এটি ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের (ইসরো) অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ফিজিক্স, সেমিকন্ডাক্টর টেকনোলজি-সহ বিভিন্ন শাখায়, আমেদাবাদে সংস্থার কেন্দ্রে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SAC:02:2026

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০১: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সেমি কন্ডাক্টর টেকনোলজি বা কোয়ান্টাম বা মাইক্রো বা ন্যানো ইলেক্ট্রনিক ডিভাইসেস বা আরএফ অ্যান্ড মাইক্রোওয়েভ বা সমতুল শাখায় এম ই বা এম টেক পাশ।

পোস্ট কোড ০২: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা মাইক্রো-ইলেক্ট্রনিক্স বা ডিজিটাল ইলেক্ট্রনিক্স বা ন্যানো ইলেক্ট্রনিক্স বা ভিএলএসআই বা ডিজিটাল সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা এমবেডেড সিস্টেম বা সিগন্যাল প্রসেসিং বা সেমি কন্ডাক্টর বা সমতুল শাখায় এম ই বা এম টেক পাশ।

পোস্ট কোড ০৩: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং ফিজিক্স বা সমতুল শাখায় বি ই বা বি টেক। অথবা ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা ফটোনিক্স বা অপটোইলেক্ট্রনিক্স বা অপটিকস বা মেটেরিয়াল সায়েন্স বা ন্যানোটেকনোলজি বা সলিড স্টেট ফিজিক্স বা সমতুল শাখায় এম এসসি বা এম ই বা এম টেক পাশ।

পোস্ট কোড ০৪: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাটমোস্ফেরিক সায়েন্স বা মেটিওরোলজি বা ফিজিক্যাল ওশানোগ্রাফি বা ওশানোগ্রাফি বা ফিজিক্যাল সায়েন্সেস বা ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা সমতুল শাখায় এম এসসি বা এম ই বা এম টেক পাশ।

এরপর দুয়ের পাতায়

# ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিসশিপ

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ৩৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা ইতিমধ্যে অন্য কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা নিচ্ছেন বা ট্রেনিং চলাকালীন

এরপর দুয়ের পাতায়


## ফুরোবার আগেই সংগ্রহ করুন




## স্বনির্ভরতার সন্ধান

# রাবার ব্যান্ড পথ দেখাচ্ছে উপার্জনের

**অল্প জায়গাতেই মেশিন বসিয়ে রাবার ব্যান্ড উৎপাদন করে ব্যবসা করতে পারেন। যে-কোনও প্যাকেট আটকানো কিংবা জিনিসপত্র মুড়ে দেওয়ার জন্য রাবার ব্যান্ডের বিকল্প নেই। কাঁচা মাল বাজারে সুলভ। সব মিলিয়ে ব্যবসায় ভালো রোজগারের সম্ভাবনা।**



নিজস্ব প্রতিনিধি: মিষ্টির দোকানের প্যাকেট আটকানো থেকে মহিলাদের— চুল বাঁধা, সর্বত্র প্রয়োজন রাবার ব্যান্ড, যার চলতি নাম গাডার। জিনিসটি ছোট হলেও প্রয়োজনীয়তা নানাবিধ। তাই চাহিদাও বিপুল। বিশ্ব জুড়ে এর জনপ্রিয়তা। বেকার তরুণ-তরুণীরা রাবার ব্যান্ডের এই চাহিদার কথা মাথায় রেখে, এটি তৈরি করে ব্যবসা করার কথা ভাবতেই পারেন।

রাবার ব্যান্ড তৈরির জন্য খুব বড় জায়গার দরকার পড়ে না। মেশিনের আকারও বিরাট নয়। প্রয়োজনে এক জনই মেকিং ও প্যাকিংয়ের কাজ করে ফেলতে পারেন। রাবার ব্যান্ডের কাঁচা মালও সহজলভ্য।

### কীভাবে কাজ করবেন

জেলি, নাইলন, সেমি-নাইলন, সিলিকন ইত্যাদি রাবার ব্যান্ডের উপাদানও নানা রকম। একটি মেশিনেই নানা রঙের ও মানের রাবার ব্যান্ড তৈরি করা সম্ভব। মেশিনে পছন্দমতো রঙের রাবার শিট সাজিয়ে দিতে হবে। এরপর মেশিন চালু করলে কাটিং হতে থাকবে। কাটিংয়ের পর ওজন মেশিনে মেপে রাবার ব্যান্ডগুলিকে প্যাকেটে ভরতে হবে। শুরুতেই রাবার ব্যান্ড তৈরির মেশিনের সঙ্গে ওজন যন্ত্র ও প্যাকেট সিল করার

এরপর চারের পাতায়

# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি


আরোহণ ফাইনান্স-এ ফিল্ড স্টাফ প্রয়োজন: দেশের অন্যতম সেরা- আরোহণ মাইক্রো ফাইনান্স-এ CSR/Sr. CSR পদে নিয়োগ চলছে, এই নিয়োগের জন্য ন্যূনতম উচ্চমাধ্যমিক পাস এবং বাইক/স্কুটি এবং ড্রাইভিং লাইসেন্স বাধ্যতামূলক। আকর্ষণীয় বেতন, ইনসেন্টিভ এবং অন্যান্য সকল সুযোগ-সুবিধা উপলব্ধ। শূন্যপদ: পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, পুরুলিয়া, নদিয়া, বাঁকুড়া ও বীরভূম জেলার বিভিন্ন শাখায়। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন: 84365-92420.

□

জরুরি নিয়োগ অভিজ্ঞ Akiyama 4/8-Colour Offset Printing Machine Man আবশ্যক দিল্লি NCR-এর একটি স্বনামধন্য প্রিন্টিং কোম্পানির জন্য Akiyama 4/8-Colour Offset Printing Machine চালানোর অভিজ্ঞ মেশিনম্যান আবশ্যক। আকর্ষণীয় বেতন + থাকার ব্যবস্থা। পশ্চিমবঙ্গের অভিজ্ঞ প্রার্থীরা যোগাযোগ করুন। মোবাইল/ WhatsApp: 81683-45723.

□

কলিকাতার প্রতিষ্ঠিত সিকিউরিটি কোম্পানিতে গার্ড, ওয়াচম্যান, মার্কেটিং-এর কাজ জানা পুরুষ ও মহিলা চাই। বেতন আলোচনা সাপেক্ষে। APS-মুচিবাজার, উল্টোডাঙা - 98369-74065.

□

Urgent required Experienced Accountant with good knowledge in GST, TDS, and Final Accounts. Walk-in Interview: 15.09.2026 & 19.09.2026 (12 : 00 PM - 2 : 00 PM). Venue: 12, Russa Road East 2nd Lane, Kolkata - 700 033, Contact : 62923-12866.

□

কলকাতার কলেজ স্ট্রিট এলাকায় এক পুস্তক প্রকাশনীর Showroom-এ দক্ষ কর্মী ও পিওন চাই, Whatsapp: 98310-06577 CV সহ।

□

প্রতিষ্ঠিত ওষুধের দোকানে অভিজ্ঞ বিলিং ও কম্পিউটার জানা পুরুষ এবং মেডিসিন ওয়ার্কার চাই। বয়স (25-50) কল করুন: 74399-96722.

### কর্মখালি

Required one D-ORTHO, for a Charitable (OPD) at North Kolkata. Working 9 - 12 Noon (2 days/ week). Please apply vide Email- hm@niccogroup.com, and mobile: 98361-76328.

□

A trading company wants to hire a geologist with around 10 years of experience in various type of metals. Call: 83350-17985 or email: nakshatratradingdubai@gmail.com

□

অবসরোত্তর জীবনে MNC-র কলকাতায় Part-Time Manager পদে কাজ। উচ্চ আয় + দ্রুত পদোন্নতি + বিদেশভ্রমণ। Salary + Bonus + PF + ESI. 40-75 HS+. Pal-90381-07790.

□

হাওড়া বাকসাড়াতে পার্ট টাইম বাড়ির কাজে লোক চাই। সকাল- ৯টা থেকে দুপুর- ২টো, বেতন Rs. 5500/-, Ph: 90381-89090/ 98365-47431.

□

MNC needs Sr. Managers. Retd/ VRS/ Housewife/ Ex-Army. Salary + PF + Bonus. 25-69 yrs., HS+. 3hr./ 3day. No Target. Office Job. M-78604-03464.

□

অবসরপ্রাপ্ত 45-70 অভিজ্ঞ স্নাতক Part Time সসম্মানে সুষ্ঠভাবে আয়ের সীমিত সুযোগে Mngr. পদে আমার দায়িত্বে ভরসায়। আপনি বিশ্বাস নিয়ে আসুন। চন্দ-90075-10903.

□

Smart Thinking, Instant Earning. নামী কর্পোরেট গ্রুপে Interview দিয়ে চাকরি। গ্র্যাজুয়েট, ট্রেনিং 2 মাস স্টাইপেন্ড 10K/m, স্কেল: 15K-60K. 97755-07263.

□

MNC needs Retd/ VRS/ গৃহবধূ for Mngr. 26-73, HS+. Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr/3day. অফিসিয়াল জব। 98361-62116.

□

অবসরপ্রাপ্ত- Bank/ গভঃ/ Pvt/ PSU/ রেল/ গৃহবধূ/ কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol. অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98044-25822.

□

### কর্মখালি

FMCG ডিস্ট্রিবিউটারের জন্য গুদামরক্ষক এবং ডেলিভারি ম্যান চাই। ওয়াক-ইন ইন্টারভিউ, ১২ ক্যানেল স্ট্রিট, কলি-১৪ (মৌলালী) (সকাল ১০টা - দুপুর ২টো)। 81004-74611.

□

বেহালা ঠাকুরপুকুরে বৃদ্ধাকে দেখাশোনার জন্য সক্ষম মহিলা সত্বর যোগাযোগ করুন। থাকা-খাওয়া + বেতন (7000 - 9000 টাকা)। মোঃ-96742-35884/ 75959-29218.

□

Official Part/ Full Time Job. No Sales. Direct Payroll. Fix Salary 10-60K + Inc. 25-70 yr. Retd/ VRS/ Rly/ Bank/ PSU/ Housewife 98362-73358.

□

Corp Group looking for (M/F) Marketing Mngr. for financial product with Fixed Salary/ Variable. Age: 35 to 70. Pref. Retired/ VRS/ H.W. 90629-51315/ 98754-27167.

□

কলকাতার অফিসে Aditya Group-এ Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৯ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন:
৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

M.P. Birla Foundation HS School, Behala, Kolkata-34 requires the following teachers: 1. PGT/ TGT in Physics, 2. MCA/ M.Tech/ M.Sc degree in Computer Science/ IT or equivalent. Candidates with min. 3 yrs. EXP. in a recognized institution and proficiency in spoken English may send CV with photo to: principal@mpbfhs school.com within 30.09.26.

□

Want History & Physics Teachers for Class VI to XII for WB affiliated Eng. Med. School. HPMI, Send resume by mail: hpmcv16@gmail.com Mob- 94333-05657.

□

Required for Steel Forging Co : CAD/ CAM Eng. (Dip./ BE/ B.Tech Mech, 3+ yrs. exp. in Solid Works/ Solid CAM) & QA/ Production In-charge (B.Tech Mech, 3+ yrs. exp.) for Barjora, Bankura plant. Also req. Metallurgist (B.Sc, 3+ yrs. Alloy Steel Forging exp.) for Howrah plant. Apply with CV to : hr@kalimata.co.in

□

আপনার জীবনের দ্বিতীয় অধ্যায়কে দিন সম্পূর্ণ স্বাধীনতা। Retd/ VRS 35 -70 yrs. আয় করুন সম্মানের সঙ্গে চাপমুক্ত, মর্যাদাপূর্ণ কাজ। M : 86172-60189/ 79801-01938.


**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# চণ্ডীগড়ের মেডিক্যাল এডুকেশন ইনস্টিটিউটে ২৪৩ নার্সিং অফিসার

*প্রথম পাতার পর*

হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

৩-১০-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। সময় ১ ঘণ্টা ৪০ মিনিট। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in

দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে, ৫০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি নথি প্রত্যয়িত বা স্বপ্রত্যয়িত হতে হবে) আপলোড করতে হবে। ১-৭-২০২৬ তারিখ বা তার পরে তোলা ফটো আপলোড করতে হবে। ফটোর নীচে প্রার্থীর নাম ও যে-তারিখে ফটোটি তোলা হয়েছে সেটি লেখা থাকতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)। ট্রানজাকশন চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ২৫৩৬

*প্রথম পাতার পর*

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে এবং ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতনক্রম:** লোয়ার ডিভিশন ক্লার্ক ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা, ডেটা এন্ট্রি অপারেটরের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা ও ২৯,২০০-৯২,৩০০ টাকা এবং ডেটা এন্ট্রি অপারেটরের গ্রেড 'এ'-র ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), মালদা (৪৪১২), শিলিগুড়ি (৪৪১৫), সিউড়ি (৪৪১৬), কল্যাণী (৪৪১৯), বর্ধমান (৪৪২২) এবং দুর্গাপুর (৪৪২৬)।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক টিয়ার-১ ও টিয়ার-২ পরীক্ষার মাধ্যমে। টিয়ার-১-এ অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) এবং জেনারেল অ্যাওয়ারনেস। প্রতি বিষয়ে মোট নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টিয়ার-২ পরীক্ষা হবে দু'টি সেশনে। প্রথম সেশনে থাকবে ম্যাথমেটিক্যাল এবিলিটিজ ও রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স (১৮০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন ও জেনারেল অ্যাওয়ারনেস (১৮০ নম্বর) এবং কম্পিউটার নলেজ (৪৫ নম্বর) বিষয়ে প্রশ্ন। মোট সময় ২ ঘণ্টা ১৫ মিনিট। দ্বিতীয় সেশনে থাকবে ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে স্কিল টেস্ট এবং বাকি পদের ক্ষেত্রে টাইপিং টেস্ট। মোট সময় ১৫ মিনিট।

সব ক্ষেত্রেই দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, দুই হাত ক্ষতিগ্রস্ত ও সেরিব্রাল পালসিতে আক্রান্ত প্রার্থীরা অতিরিক্ত সময় পাবেন।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। ৭ অক্টোবর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় (পার্ট-টু রেজিস্ট্রেশন) প্রার্থীর স্ক্যান করা সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এর পাশাপাশি অনলাইন আবেদন করার সময় সরাসরি প্রার্থীর ফটো তুলতে হবে। রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। অনলাইন ফি জমা দেওয়া যাবে ভিসা/মাস্টারকার্ড/মায়েস্ট্রো/রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ভিম ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ অক্টোবর।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধনের চার্জ-সহ সংশোধন করা যাবে ১৪ থেকে ১৬ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মহাকাশ গবেষণা কেন্দ্রে জুনিয়র রিসার্চ ফেলো

*প্রথম পাতার পর*

পোস্ট কোড ০৬: ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় এম ই বা এম টেক বা এম এসসি পাশ।

উপরোক্ত যোগ্যতার পাশাপাশি ৩০-৯-২০২৬ তারিখ অনুসারে সিএসআইআর-ইউজিসি নেট (লেকচারশিপ-সহ) বা গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। অথবা কেন্দ্রীয় সরকার বা তার অধীনস্থ এজেন্সি বা প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত জাতীয় স্তরে প্রতিযোগিতা মূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

**বয়স:** ৩০-৯-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**ফেলোশিপ অ্যামাউন্ট:** প্রথম ও দ্বিতীয় বছর প্রতি মাসে ৩৭,০০০ টাকা এবং পরবর্তী বছরে প্রতি মাসে ৪২,০০০ টাকা।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.sac.gov.in দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই ১ এমবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এ ছাড়াও আপলোড করতে হবে কাস্ট, ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

অনলাইন দরখাস্ত সাবমিটের পর, সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

মাঝপথে ছেড়ে দিয়েছেন, তাঁরা আবেদন করবেন না। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 12930/64/HRD/GAD/02.

**আসনসংখ্যার বিন্যাস:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি। কম্পিউটার সায়েন্স: ১১টি। ইলেক্ট্রনিক্স: ১২টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বা সমতুল শাখায় ডিপ্লোমা।

সমতুল শাখাগুলি হল: কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার টেকনোলজি অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং।

প্রার্থীকে অবশ্যই ১-৭-২০২৩ বা তার পরে ডিপ্লোমা অর্জন করে থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছর, ওবিসি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১২,৫০০ টাকা।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষাকেন্দ্র গাজিয়াবাদ। লিখিত পরীক্ষা হবে অক্টোবর মাসে।

প্রথমে প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nats.education.gov.in এর পর সার্চ অপশনে "Bharat Electronics Limited-Ghaziabad"-এ ক্লিক করে আবেদন করতে হবে। আবেদন করা যাবে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। প্রার্থীর অবশ্যই চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের সময় একটি এনরোলমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://bel-india.in/job-notifications/

## কী পড়বেন, কোথায় পড়বেন

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বি এড ও এম এড

**নিজস্ব প্রতিনিধি:** ব্যাচেলর অব এডুকেশন (বি এড) ডিগ্রি অর্জনের সুযোগ দিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। চারটি সেমিস্টারে এই ডিগ্রি কোর্স পড়ানো হবে। স্কুলে শিক্ষকতার জন্য বি এড ডিগ্রি থাকা বাধ্যতামূলক। অনেকেই বি এড পাশ করার পরে এম এড পড়েন। কল্যাণী বিশ্ববিদ্যালয়েই এম এড করা যাবে। ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বি এড এবং এম এড— দু'টি ক্ষেত্রেই আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ২৫ সেপ্টেম্বর। বি এড-এর ক্ষেত্রে মেধাতালিকা প্রকাশ করা হবে ৩০ সেপ্টেম্বর, এম এড-এর ক্ষেত্রে ২৮ সেপ্টেম্বর। ক্লাস শুরু ৩ নভেম্বর থেকে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

### বি এড ডিগ্রি

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। **বয়স:** অনূর্ধ্ব ৩৭ বছর। **মেথড সাবজেক্ট:** বাংলা, ইংরেজি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, গণিত, অর্থনীতি, বাণিজ্য, জীবনবিজ্ঞান, ভৌতবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, এডুকেশন ইত্যাদি।
আসনসংখ্যা: ৫০

### এম এড ডিগ্রি

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বিএড বা সমতুল ডিগ্রি। দশম, দ্বাদশ, স্নাতক, স্নাতকোত্তর এবং বিএড-এর নম্বর এবং প্রবেশিকা পরীক্ষার নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা তৈরি করা হবে। কর্মরতদের ক্ষেত্রে চাকরির মেয়াদ বা কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
**আসনসংখ্যা:** ৫০। এর মধ্যে ৮০ শতাংশ আসন-ই কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত।
বিএড বা এমএড-এ ভর্তির জন্য আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://klyunivadmission.in

# মেডিক্যাল ইলেক্ট্রনিক্সের পোস্ট-ডিপ্লোমা কোর্স

মেডিক্যাল ইলেক্ট্রনিক্সের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট্রাল ক্যালকাটা পলিটেকনিক। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত।

আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত পলিটেকনিক থেকে মোট অন্তত .৫০ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির যে-কোনও শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

জন্মতারিখ: ১-৭-২০০৭ তারিখের আগে হতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম পাবেন এই ঠিকানায়: ২১, কনভেন্ট রোড, কলকাতা-৭০০০১৪ (এন্টালি পুলিশ স্টেশনের নিকটে)।

বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র ও সচিত্র পরিচয়পত্র-সহ আবেদনপত্র ৩০ সেপ্টেম্বরের মধ্যে সরাসরি জমা দিতে হবে উপরোক্ত ঠিকানায়।

বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৬৪১৫৩২৮৬৭, ই-মেল আই ডি: ccpkol14@gmail.com

# বর্ধমান বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে স্নাতকোত্তর

**নিজস্ব প্রতিনিধি:** একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যাবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। ২০২৬-২০২৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য অনলাইন আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বর সম্ভাব্য মেধাতালিকা প্রকাশ করা হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী-কী বিষয়:** আরবি, উর্দু, বাংলা, ইংরেজি, ফরাসি, হিন্দি, সাঁওতালি, সংস্কৃত, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, নারীশিক্ষা, গণজ্ঞাপন ও মাস কমিউনিকেশন, সোশ্যাল ওয়ার্ক, এডুকেশন, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, হিন্দুস্থানি ক্লাসিক্যাল ভোকাল মিউজিক, রবীন্দ্রসংগীত, বাণিজ্য, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং ট্যুরিজম ম্যানেজমেন্ট।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতকে অন্তত ৫০ শতাংশ নম্বর বা সিজিপিএ ৫ থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**আবেদনের শেষ তারিখ:** ২০ সেপ্টেম্বর।

**আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in অনলাইন আবেদনের সময় যাবতীয় প্রয়োজনীয় নথি স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনপত্রে কোনও ভুল থাকলে তা সংশোধন করা যাবে ১৮ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বরের মধ্যে।

আবেদন করার আগে এবিসি আইডি এবং অ্যান্টি-র‍্যাগিং রেফারেন্স নম্বর সংগ্রহ বাধ্যতামূলক। ভর্তি সংক্রান্ত বিশদ তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটেই।

# পেশাদারদের জন্য অ্যাডভান্সড প্রোজেক্ট ম্যানেজমেন্ট

**নিজস্ব প্রতিনিধি:** যে-কোনও পেশার দায়িত্বশীল পেশাদারদের দক্ষতা বৃদ্ধির জন্য একটি অনলাইন কোর্স পড়াবে দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি)। 'এক্সিকিউটিভ প্রোগ্রাম ইন অ্যাডভান্সড প্রোজেক্ট ম্যানেজমেন্ট' নামে ৭ মাসের এই বিশেষ প্রশিক্ষণ, প্রার্থীর স্ট্র্যাটেজিক নেতৃত্ব দান ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা এবং ব্যবসায়িক পরিকল্পনায় দক্ষতা বাড়াতে সাহায্য করবে। কোর্সটি বিশেষ ভাবে উপযোগী তাঁদের জন্য, যাঁরা সিনিয়র লিডারশিপ দলের সঙ্গে সরাসরি কাজ করতে চান এবং প্রতিষ্ঠানের বিভিন্ন ডিপার্টমেন্টের প্রকল্প পরিচালনা করেন। পেশাদারদের জন্য বিশেষ ভাবে তৈরি এই প্রোগ্রামে 'প্রিমাভেরা পি৬' সফটওয়্যারের প্রয়োগের পাশাপাশি ক্যাপস্টোন প্রোজেক্টের সুবিধা থাকবে। থাকবে অ্যাসাইনমেন্ট ও কেস স্টাডির মাধ্যমে প্রোজেক্ট পরিচালনার খুঁটিনাটি শেখার সুযোগ। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক।

**কোর্সের মেয়াদ:** ২৬ সেপ্টেম্বর থেকে ২১ মার্চ, ২০২৭।

**ক্লাসের সময়:** প্রতি শনিবার সকাল ১০টা থেকে দুপুর দেড়টা।

**কোর্স ফি:** ১,৬৪,০০০ টাকা, এর সঙ্গে ১৮ শতাংশ জিএসটি যুক্ত হবে।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://iitprojectmanagement.com/

## কী শিখবেন, কোথায় শিখবেন

# মহিলাদের নিখরচায় সহায়িকার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** হাসপাতাল ও বাড়িতে অসুস্থ ও বয়স্ক ব্যক্তিদের দেখাশোনা করার জন্য সহায়িকা বা কেয়ার গিভারদের প্রয়োজন হয়। কেয়ার গিভারদের জরুরি প্রাথমিক চিকিৎসা, ব্যায়াম করানো, বেড সোর প্রতিরোধ, পথ্য ও আরও অনেক বিষয়ে ধারণা থাকা প্রয়োজন। এই সব বিষয়ে একজন সহায়িকার যত ভালো ধারণা থাকবে, তত তাঁর কাজের সুযোগ বাড়বে এবং উপার্জনও বাড়বে।
সহায়িকা পেশায় দক্ষতা বৃদ্ধির জন্য সম্পূর্ণ নিখরচায় হাতে-কলমে প্রশিক্ষণ দেবে স্বেচ্ছাসেবী সংগঠন 'স্মাইল'। অনগ্রসর ও দরিদ্র পরিবারের মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে। অভিজ্ঞ চিকিৎসক, টেকনিশিয়ান, নার্স, প্রশাসনিক কর্মী এবং কম্পিউটার শিক্ষকরা ক্লাস নেবেন। প্রশিক্ষণ চলাকালীন শিক্ষার্থীদের অ্যাপ্রন, ইউনিফর্ম, দুপুরের খাবার, প্রয়োজনীয় জিনিসপত্র এই সংস্থাই দেবে। ১ বছরের প্রশিক্ষণ সম্পূর্ণ হলে শংসাপত্র দেবে বেলঘরিয়া বিবেকানন্দ সেবা সদন। বেলঘরিয়া বিবেকানন্দ সেবা সদন একটি ডে কেয়ার সেন্টার।
আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।
**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ।
**বয়স:** ১৮ থেকে ৫০ বছর।
**আসনসংখ্যা:** ৩০।
**কোর্স শুরু:** ২৭ সেপ্টেম্বর।
**কোর্সের মেয়াদ:** ১ বছর।
**ক্লাসের সময়:** প্রতি শনিবার ও রবিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা।
**কী শেখানো হবে:** ব্যায়াম ও চলাফেরা, জরুরি প্রাথমিক চিকিৎসা, রোগীর মনিটরিং ও ওষুধ সেবনে সহিষ্ণুতা, বেড সোর প্রতিরোধ, খাদ্য ও পুষ্টি, ব্যক্তিগত পরিচর্যা ও পরিচ্ছন্নতা, ইনজেকশন প্রয়োগ, ভাইটাল সাইন মনিটরিং, বেড মেকিং, ইউরিনারি ক্যাথিটারাইজেশন, ন্যাসোগ্যাস্ট্রিক টিউবের ব্যবহার, রোগীর চলাফেরায় সহযোগিতা, ইনফেকশন নিয়ন্ত্রণ, ফার্স্ট এইড, সিপিআর, কম্পিউটার প্রশিক্ষণ ইত্যাদি।
**কীভাবে ভর্তি:** আগে এলে আগে ভর্তি পদ্ধতি মেনে চলা হবে।
**আবেদনের শেষ তারিখ:** ২৬ সেপ্টেম্বর।
আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে যোগাযোগ করুন এই ফোন নম্বরে: ৯৮৮৩৬-৫১৬৭১ বা ৭০০৩৬-৭০৪২১ বা (০৩৩) ২৫৫৩-০০২৫।

# যোগের স্নাতকোত্তর ডিপ্লোমা

যোগের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অক্টোবরে।

আসনসংখ্যা: ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক।

কোর্স ফি: ২০,৪৬৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৫ অক্টোবর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://jadavpuruniversity.in ফর্ম পূরণ করবেন যথাযথ ভাবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'THE REGISTRAR, JADAVPUR UNIVERSITY'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র ও ডিমান্ড ড্রাফট-সহ আবেদনপত্র ৩০ সেপ্টেম্বর, বিকেল ৪টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Department of Physical Education and Sports Science, Jadavpur Univeristy, 188, Raja S.C. Mullick Road, Kolkta-700032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩) ২৪৫৭ ৩০১৪/২৪৮৬।

# যুবকদের জন্য জীবিকামুখী প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বেকার যুবকদের স্বনির্ভর করার লক্ষ্যে হাওড়ার রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির, বেলুড় মঠ বেশ কয়েকটি পেশাগত বিষয়ে প্রশিক্ষণ দেবে। আসনসংখ্যা সীমিত। ভর্তি নেওয়া হবে 'আগে এলে আগে ভর্তি' পদ্ধতিতে। কোর্স শেষে সফল প্রার্থীদের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের (এনএসডিসি) তরফে সার্টিফিকেট দেওয়া হবে।

### প্রশিক্ষণের খুঁটিনাটি

**কোর্সের নাম:** এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর ও ওয়াশিং মেশিন মেরামতি ও রক্ষণাবেক্ষণ (RACW)
**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ।
**কী শিখবেন:** ইনভার্টার এসি, নন-ইনভার্টার এসি, ক্যাসেট এসি, ভিআরভি মাল্টি স্প্লিট এয়ার কন্ডিশনার, রেফ্রিজারেটর ও ওয়াশিং মেশিন মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **কোর্সের মেয়াদ:** ৬ মাস।
**ক্লাসের সময়:** সোম, মঙ্গল ও বুধ সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ক্লাস।
**কোর্সের খরচ:** ১০,০০০ টাকা।
**আবেদন করার পদ্ধতি:** রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দিরের অফিস থেকে সরাসরি ফর্ম সংগ্রহ করে, পূরণ করে জমা দিতে হবে। আবেদন পত্রের সঙ্গে দেবেন দু' কপি পাসপোর্ট মাপের ফটো, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কশিটের নকল, আধার কার্ডের নকল। ভর্তির সময়ই কোর্সের খরচ জমা দিতে হবে। বিশদ জানতে ফোন করতে পারেন এই ফোন নম্বরে: (০৩৩) ২৬৫৪-১১৪৫ অথবা ৭৪৭৮৪-৮৭৬৬৩।



# স্কলারশিপের খোঁজখবর

### এল আই সি গোল্ডেন জুবিলি স্কলারশিপ ২০২৬-২৭

একাদশ শ্রেণি, ভোকেশনাল, ডিপ্লোমা ও স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এল আই সি গোল্ডেন জুবিলি ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে সাড়ে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে (২০২৩-২৪ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষ) মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সিজিপিএ স্কোর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/LICC1 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক ইঞ্জিনিয়ারিং স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-৩০

নির্বাচিত কিছু প্রতিষ্ঠানে বি ই বা বি টেক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ব্যাঙ্ক। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক ১ লাখ টাকা। স্কলারশিপের মেয়াদ চার বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IFBES2 আবেদন করা যাবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত।

### পরিবর্তন ই সি এস এস প্রোগ্রাম ২০২৬-২৭

প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, পলিটেকনিক কোর্সে পাঠরত আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/HDFC63 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

### ইস্টম্যান পাওয়ারআপ এডু স্কিল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সেলস ও মার্কেটিং শাখায় বি টেক, এম টেক, এমবিএ, পলিটেকনিক ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইস্টম্যান অটো অ্যান্ড পাওয়ার লিমিটেড। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বা চতুর্থ বর্ষ ও স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বর্ষ ও পলিটেকনিক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বর্ষে পাঠরতরা আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/EPSP2 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

### এস বি আই প্ল্যাটিনাম জুবিলি আশা স্কলারশিপ

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, এমবিবিএস, আইআইটি, আইআইএম কোর্সে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে স্কুলে পাঠরতদের ক্ষেত্রে ৩ লাখ টাকা ও অন্যান্য ক্ষেত্রে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৭৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬৫ শতাংশ) বা সমতুল সি জি পি এ স্কোর থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ১৫,০০০-২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: www.b4s.in/karma/SBISF20 আবেদনের শেষ তারিখ ১৯ সেপ্টেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ম্যানেজমেন্ট ট্রেনি

বিভিন্ন শাখায় ৮৬ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের সার ও রাসায়নিক মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের ট্রেনিং, তার পরে ৬ মাসের প্রবেশন। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 16022026.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড MTCHEM/022026: কেমিক্যাল:** ৩২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল টেকনোলজিতে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে।

**পোস্ট কোড MTBOI/022026: বয়লার:** ৬টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা মেকানিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল শাখায় ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স সার্টিফিকেট বা বয়লার প্রফিশিয়েন্সি সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড MTMECH/022026: মেকানিক্যাল:** ৪টি (সাধারণ ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে।

**পোস্ট কোড MTELE/022026: ইলেক্ট্রিক্যাল:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার বা ইলেক্ট্রিক্যাল পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে।

**পোস্ট কোড MTINST/022026: ইনস্ট্রুমেন্টেশন:** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে।

**পোস্ট কোড MTIT/022026: ইনফর্মেশন টেকনোলজি:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বা ৪ বছরের বি ই বা বি টেক। ৩ বছরের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা থাকতে হবে।

**পোস্ট কোড MTFIN/022026: ফিনান্স:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সিএ বা সিএমএ। অথবা কমার্স বা অ্যাকাউন্টিং বা ফিনান্সে স্নাতক। সেই সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা এমএমএস বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট।

**পোস্ট কোড MTMKTG/022026: মার্কেটিং:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা এগ্রিকালচারে স্নাতক। সেই সঙ্গে মার্কেটিং বা এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট বা এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট বা এগ্রিকালচারে এমবিএ বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট। মার্কেটিংয়ে এমএমএস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীর ডুয়াল বা ইন্টিগ্রেটেড বা সমতুল ডিগ্রিও গ্রাহ্য করা হবে।

**বয়স:** ১-২-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাঁচ পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে ১৮৭১ সাব-ইনস্পেক্টর

*প্রথম পাতার পর*

উপজাতি ১৭, ওবিসি ৬১, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। **মহিলা:** ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বর্ডার সিকিউরিটি ফোর্স: পুরুষ:** ৪৩৫টি (সাধারণ ১৭৮, তফসিলি জাতি ৬৫, তফসিলি উপজাতি ৩২, ওবিসি ১১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৪৩)। **মহিলা:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৪৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স: পুরুষ:** ১৫৯টি (সাধারণ ৮৯, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ২১)। **মহিলা:** ২৮টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স: পুরুষ:** ২০০টি (সাধারণ ৮২, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৪, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। **মহিলা:** ৫০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সশস্ত্র সীমা বল: পুরুষ:** ১৫৪টি (সাধারণ ১০৩, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৬, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। **মহিলা:** ১৮টি (সাধারণ ১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সাব-ইনস্পেক্টর (ফায়ার): সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ): পুরুষ:** ২৩৪টি (সাধারণ ৭৪, তফসিলি জাতি ৫২, তফসিলি উপজাতি ১৬, ওবিসি ৭৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৭)। এর মধ্যে ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সের সাব-ইনস্পেক্টর (ফায়ার) পদের প্রার্থীদের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথেমেটিক্স-সহ বিজ্ঞান শাখায় স্নাতক অথবা মাধ্যমিক পাশ, সেই সঙ্গে যে-কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল বা অটোমোবাইল বা কেমিক্যাল বা মাইনিং বা অ্যারোনটিক্যাল বা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় ৩ বছরের ডিপ্লোমা। অন্যান্য পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। দিল্লি পুলিশের সাব-ইনস্পেক্টর পদের পুরুষ প্রার্থীদের বৈধ লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স (মোটর সাইকেল ও গাড়ি) থাকতে হবে।

**বয়স:** সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সের সাব-ইনস্পেক্টর (ফায়ার) পদের প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অন্যান্য পদের ক্ষেত্রে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সব ক্ষেত্রেই ১-৮-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। দিল্লি পুলিশে নিয়োগের ক্ষেত্রে বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**দৈহিক মাপজোক: দিল্লি পুলিশ:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ সেমি)। **সিআইএসএফ (ফায়ার):** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৬ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। **বাকি সব পদ:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ সেমি)। সব ক্ষেত্রেই উচ্চতা অনুযায়ী ওজন থাকতে হবে।

সব ক্ষেত্রেই উচ্চতা অনুযায়ী ওজন থাকতে হবে।

দৃষ্টিশক্তি: সব ক্ষেত্রেই চশমা ছাড়া দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ এবং কাছের ক্ষেত্রে ভালো চোখে এন ৬ এবং খারাপ চোখে এন ৯ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তির্যক চাহনি থাকলে চলবে না। রং চেনার ক্ষমতা উচ্চ মানের হতে হবে।

**বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা দৈহিক সক্ষমতার পরীক্ষা দেবেন। এই পরীক্ষায় সফল হলে দ্বিতীয় পেপারের পরীক্ষা। দ্বিতীয় পেপারের পরীক্ষায় পাশ করলে মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে।

লিখিত পরীক্ষা হবে দু'টি পেপারে। প্রথম পেপারে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ক প্রশ্ন। প্রতি বিষয়ে ২৫টি করে মোট ১০০টি প্রশ্ন হবে। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পেপারে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও ইংলিশ কম্প্রিহেনশন। মোট নম্বর ৩২০। ২ ঘণ্টার পরীক্ষা। উভয় পত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র: কলকাতা ও হাওড়া (সেন্টার কোড ৪৪১০), কল্যাণী (সেন্টার কোড ৪৪১৯), মালদা (সেন্টার কোড ৪৪১২), শিলিগুড়ি (সেন্টার কোড ৪৪১৫), বর্ধমান (সেন্টার কোড ৪৪২২), দুর্গাপুর (সেন্টার কোড ৪৪২৬) এবং সিউড়ি (সেন্টার কোড ৪৪১৬)।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— পুরুষদের ক্ষেত্রে: ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৬.৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ৩.৬৫ মিটার লং জাম্প, ১.২ মিটার হাই জাম্প, ৪.৫ মিটার শটপুট (১৬ পাউন্ড)। মেয়েদের ক্ষেত্রে থাকবে: ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ২.৭ মিটার লং জাম্প ও ০.৯ মিটার হাই জাম্প। লং জাম্প, হাই জাম্প ও শটপুট ইভেন্টে সর্বাধিক তিন বার সুযোগ পাওয়া যাবে। প্রাক্তন সমরকর্মীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in অথবা মোবাইলে গুগল প্লে স্টোর থেকে 'mySSC' অ্যাপ ডাউনলোড করে এই অ্যাপের মাধ্যমেও দরখাস্ত করতে পারবেন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন ব্যবস্থাটি এককালীন। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময়ই প্রার্থীকে সরাসরি নিজের ফটো তুলতে হবে। এর পাশাপাশি প্রার্থীর সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। ভিম ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টারকার্ড/মায়েস্ট্রো/রুপে ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ অক্টোবর। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত সংশোধন করা যাবে ৮ থেকে ১০ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://ssc.gov.in/

# ইন্ডিয়া অপটেলে ১৫৪

*প্রথম পাতার পর*

৯, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ফিটার ইলেক্ট্রনিক্স:** ৪৩টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মেশিনিস্ট:** ৩টি (সাধারণ)। **অপটিক্যাল ওয়ার্কার:** ১২টি (সাধারণ ৮, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েলফেয়ার অফিসার:** ৩টি (সাধারণ)।

**জুনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার: ইলেক্ট্রনিক্স:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মেকানিক্যাল:** ২৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **অপটিক্স অ্যান্ড কোটিং:** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: https://indiaoptel.in/

# রাবার ব্যান্ড পথ দেখাচ্ছে উপার্জনের

*প্রথম পাতার পর*

একটি মেশিনও কেনা দরকার। সেমি অটোমেটিক মেশিনের দাম পড়বে ৬৫ হাজার টাকা এবং ফুল অটোমেটিক মেশিনের দাম পড়বে আড়াই লক্ষ টাকা।

## ব্যবসা শুরুর আগে

ব্যবসা শুরু করার আগে কয়েকটি কাজ জরুরি ভিত্তিতে করা দরকার। ট্রেড লাইসেন্স নিতে হবে। বাজার-সমীক্ষা করতে হবে, অর্থাৎ স্থানীয় বা কাছাকাছির বাজারে ঘুরে খতিয়ে দেখতে হবে, সেখানে রাবার ব্যান্ডের চাহিদা কতটা। যাদের কাছে উৎপাদিত রাবার ব্যান্ড আপনি হোলসেলে জোগান দেবেন, তাঁদের সঙ্গে দেখা করে ব্যবসার বিষয়ে জানানো, পরিচিতি বাড়ানোর জন্য নিজের বিজনেস কার্ড দিয়ে আসা— এই ধরনের উদ্যোগ নিতেই হবে। উৎপাদনের জন্য যে-জায়গাটি নির্দিষ্ট করবেন, সেটিও যথেষ্ট ভেবেচিন্তে করবেন। যোগাযোগ ও পরিবহণ, বিদ্যুৎ পরিষেবা যথাযথ কিনা দেখে নিতে হবে, বর্ষায় কোনও অসুবিধা হবে কিনা সেটাও দেখা দরকার।

**মেশিন কেনার জন্য যোগাযোগ:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

# স্পাইসজেটে কেবিন ক্রু

## ওয়াক-ইন-ইন্টারভিউ ২৩ ও ৩০ সেপ্টেম্বর

বেশ কিছু কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা স্পাইসজেট। ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। ইন্টারভিউ ২৩ ও ৩০ সেপ্টেম্বর।

অন্তত উচ্চ মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ওয়াক-ইন-ইন্টারভিউয়ে অংশগ্রহণ করতে পারবেন। ইন্টারভিউ আয়োজিত হবে গুরুগ্রামে। ফ্রেশার প্রার্থীরাও ইন্টারভিউয়ে অংশ নিতে পারবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। ইংরেজি ও হিন্দিতে কথা বলায় স্বচ্ছন্দ হতে হবে।

**বয়স:** অন্তত ১৭ বছর ৯ মাস। বয়সের উর্ধ্বসীমা ২৭ বছর।

**দৈহিক মাপজোক:** উচ্চতা হতে হবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ১৭৭ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৫৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। শরীরের দৃশ্যমান কোনও অংশে ট্যাটু থাকলে চলবে না।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ে সফল হলে মেডিক্যাল টেস্ট।

**ইন্টারভিউ কেন্দ্র:** Spice Star Academy, SpiceJet Ltd, Building-363, Udyog Vihar Phase II, Sector 20, Gurugram, Haryana -122 016.

ইন্টারভিউ চলবে সকাল ৯টা থেকে দুপুর ২টো পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র এবং প্রয়োজনীয় অন্যান্য নথিপত্র সঙ্গে নিয়ে ইন্টারভিউ কেন্দ্রে যাবেন।

নাম নথিভুক্ত করাতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://application.spicestaracademy.edu.in/

যাবতীয় প্রয়োজনীয় তথ্য পাবেন এই ওয়েবসাইটে: https://corporate.spicejet.com/careers.aspx

প্রয়োজনে মেল করতে পারেন এই ই-মেল ঠিকানায়: contact@spicestaracademi.edu.in

তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: ৮৪৪৮৮-৮১৭৫৭, ৮৪৪৮৮-৮১৭৫৬।

## রাষ্ট্রায়ত্ত পরিবহণ সংস্থায়

# সুপারভাইজার, জুনিয়র মেইন্টেনার

বিভিন্ন শাখায় ৮১ জন সুপারভাইজর-ওয়ান ও জুনিয়র মেইন্টেনার নেবে ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন (এনসিআরটিসি)। এটি কেন্দ্রের হাউজিং অ্যান্ড আর্বান অ্যাফেয়ার্স মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন একটি সংস্থা। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। প্রথমে ২ বছরের প্রবেশন। দু'টি বিজ্ঞপ্তি অনুসারে প্রার্থীদের নিয়োগ করা হবে— ৩২/২০২৬ ও ৩৩/২০২৬।

**শূন্যপদের বিন্যাস: সুপারভাইজার-ওয়ান: ইলেক্ট্রনিক্স:** পোস্ট কোড ডি০২: ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিক্যাল:** পোস্ট কোড ডি০৩: ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড সি০৭: ২টি (সাধারণ)। **মেকানিক্যাল:** পোস্ট কোড ডি০৪: ৩টি (সাধারণ)। **সিভিল:** পোস্ট কোড ডি০৫: ৬টি (সাধারণ ৫, ওবিসি ১)। পোস্ট কোড সি০৮: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **ইনফর্মেশন টেকনোলজি:** পোস্ট কোড সি০১: ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন টেকনোলজি বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা। অথবা বিসিএ। অথবা ইনফর্মেশন টেকনোলজিতে বি এসসি। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্সে বি ই বা বি টেক। অথবা এম সিএ। বাকি সব ক'টি বিভাগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

**জুনিয়র মেইন্টেনার: ইলেক্ট্রিক্যাল:** পোস্ট কোড ডি০৬: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ২)। পোস্ট কোড সি০৯: ২টি (সাধারণ)। **ফিটার:** পোস্ট কোড ডি০৭: ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২)। পোস্ট কোড সি১০: ২টি (সাধারণ)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি:** পোস্ট কোড ডি০৮: ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ।

**বয়স:** ১০-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** সুপারভাইজার পদের ক্ষেত্রে ৩৭,০০০-১,১৫,০০০ টাকা। জুনিয়র মেইন্টেনার পদের ক্ষেত্রে ১৮,২৫০-৫৯,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষা ১০০ নম্বরের। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncrtc.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৯ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (৮০-১৫০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (১০০-১০০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। জিএসটি অতিরিক্ত। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আগরতলা এনআইটিতে অশিক্ষক কর্মী

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ইলেক্ট্রিক্যাল), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, সিনিয়র টেকনিশিয়ান, টেকনিশিয়ান ও ল্যাব অ্যাটেন্ড্যান্ট পদে ৪৮ জনকে নেবে আগরতলার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। এটি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। নিয়োগ করা হবে গ্রুপ-বি ও সি ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.NITA.2(519-Estt)/2019/Vol-III/4473

**শূন্যপদের বিন্যাস: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ২)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি বা এমসিএ ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। সব ক্ষেত্রেই প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে ৫০ শতাংশ নম্বর-সহ এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ইলেক্ট্রিক্যাল):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক ডিগ্রি বা ডিপ্লোমা। সব ক্ষেত্রেই প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট:** ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: আর্টস বা সায়েন্স বা কমার্স শাখায় প্রথম শ্রেণির নম্বর সহ স্নাতক, সেই সঙ্গে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক ডিগ্রি। লাইব্রেরি অটোমেশন অ্যান্ড নেটওয়ার্কিং বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**সিনিয়র টেকনিশিয়ান:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের আইটিআই কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। স্নাতকরা অগ্রাধিকার পাবেন। বয়স: ৩৩ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**টেকনিশিয়ান:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ।অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের আইটিআই কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক এবং সেই সঙ্গে ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ। অথবা কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। বয়স: ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা।

**ল্যাব অ্যাটেন্ড্যান্ট:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। বয়স: ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

সব ক্ষেত্রেই ২০-১০-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nita.ac.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, বয়স, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল (একটিই পিডিএফ ফাইলে, ১০ এমবির মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না।

যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ২০৪

## অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর পদে ২০৪ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। প্রবেশন ১ থেকে ২ বছরের। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 11/2026.

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২৬০৯১১০১১১২:** স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অ্যানাটমি): ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৯১১০২১১২:** স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (জেনারেল মেডিসিন): ৬০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। ১ বছরের প্রবেশন।

শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস। সেই সঙ্গে সংশ্লিষ্ট শাখায় পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি (প্রযোজ্য ক্ষেত্রে ডিপ্লোমা)-সহ সিনিয়র রেসিডেন্ট হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। বয়স: ২-১০-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। সঙ্গে নন-প্র্যাকটিসিং অ্যালাওয়েন্স।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৯১১০৬২১২: অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর:** ১৪০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৯, ওবিসি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। ২ বছরের প্রবেশন।

শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক, সঙ্গে অ্যাডভোকেট হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২-১০-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in দরখাস্তের শেষ তারিখ ২ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫ টাকা। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# দিল্লি হাই কোর্টে ১১৭

সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ১১৭ জনকে নেবে দিল্লি হাই কোর্ট। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট শূন্যপদেই আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট ৪৩টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখায় স্নাতক। ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ১১০টি শব্দের দ্রুততা ও কম্পিউটারে মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।**

**শূন্যপদের বিবরণ:** সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: ৪৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ১১০টি শব্দের দ্রুততা ও কম্পিউটারে মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** কেন্দ্রীয় বেতন কমিশন প্রস্তাবিত লেভেল-৮ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে চারটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে টাইপিং টেস্ট। সময়সীমা ১০ মিনিট। এই পরীক্ষায় উত্তীর্ণদের শর্টহ্যান্ড টেস্ট নেওয়া হবে। ৫ মিনিট ধরে শর্টহ্যান্ডে নেওয়া ৫৫০ শব্দের ডিক্টেশন ৪৫ মিনিটের মধ্যে কম্পিউটারে টাইপ করতে হবে। নেগেটিভ মার্কিং আছে। শর্টহ্যান্ড টেস্টে পাশ করলে ডাকা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষায়। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর)— ২৫০ শব্দের মধ্যে এসে রাইটিং (৪০), লেটার রাইটিং (১৫), গ্রামার অ্যান্ড কম্প্রিহেনশন প্যাসেজ (২৫) এবং অনুবাদ (হিন্দি থেকে ইংরেজি ও ইংরেজি থেকে হিন্দি, ১০ নম্বর করে)। মোট সময় ২ ঘণ্টা। সবশেষে থাকবে ১৫ নম্বরের ইন্টারভিউ।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhihighcourt.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ অক্টোবর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৫০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (৫০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ৫-৯-২০২৬ তারিখ অনুসারে ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না। ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**১ সেপ্টেম্বর** ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের জন্য ধনী দেশগুলিকে দায়ী করল নেপাল। গ্রিনহাউস গ্যাস নির্গমনকারী দেশগুলির জন্যই জলবায়ু পরিবর্তন হচ্ছে বলে অভিযোগ তুলেছে তারা। নেপালের পরিবেশ মন্ত্রকের অভিযোগ মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের জন্যই এই বিপর্যয়। বিধ্বস্ত নেপালের হাল ফেরাতে ৪৭ হাজার ৫৮৪ কোটি টাকা প্রয়োজন বলে দাবি প্রশাসনের। এই অবস্থায় রাষ্ট্রপুঞ্জের কাছে সাহায্য চেয়েছে তারা। নেপালের বিদেশমন্ত্রী শিশির খানাল বলেন, 'গ্রিনহাউস গ্যাস নির্গমনকারী দেশগুলির মধ্যে প্রথম স্থানে চিন। দ্বিতীয় স্থানে আমেরিকা এবং তৃতীয় ভারত। এই দেশগুলির থেকেই দূষণের ক্ষতিপূরণ চাওয়া উচিত।' তিনি আরও বলেন, 'নেপালে গ্রিনহাউস গ্যাস নির্গমন কার্যত নগণ্য। আমরা এমন এক বিশ্বব্যাপী সঙ্কটের চরম মূল্য চোকাচ্ছি যে সঙ্কট আমরা তৈরি করিনি। হিমবাহ দ্রুত গলে যাওয়া এবং ওই বিপর্যয়ের ফলে পাহাড়ে সুনামিগুলি সরাসরি বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ফল।'

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১ সেপ্টেম্বর-৭ সেপ্টেম্বর


## এসসিও যৌথ বিবৃতিতে ইরানে সামরিক অভিযানের নিন্দা



**২ সেপ্টেম্বর:** এসসিও সম্মেলনের যৌথ বিবৃতিতে কড়া ভাবেই ইরানের উপরে সামরিক অভিযানের নিন্দা করা হল। ইরানের উপরে হামলা-বিরোধী যে অংশটি রাখা হয়েছে, তাকে সমর্থন জানিয়েছে দশটি সদস্য রাষ্ট্র, যার মধ্যে ভারতও রয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, 'এসসিও তার পূর্বতন অবস্থানকেই পুনরুচ্চারিত করে কড়া ভাষায় ইরানের ভূখণ্ডে সামরিক হামলার নিন্দা করছে। এই হামলায় সাধারণ নিরীহ মানুষের প্রাণ গিয়েছে, অর্থনীতি ভেঙে পড়েছে। এই ধরনের আক্রমণ আন্তর্জাতিক আইন এবং রাষ্ট্রপুঞ্জের সনদকে লঙ্ঘন করে আন্তর্জাতিক শান্তি, স্থিতি এবং নিরাপত্তাকে বিঘ্নিত করে।'

**কিরঘিজস্তানের রাজধানী বিশকেকে** আয়োজিত ২৬তম এসসিও সম্মেলনে সন্ত্রাসবাদের বিরোধিতাকে নিজের বক্তৃতার মূল বিষয় হিসেবে তুলে ধরলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, 'সন্ত্রাসবাদ মোকাবিলায় দ্বিচারিতার কোনও জায়গা নেই।' মোদীর বক্তৃতায় এদিন আরও উঠে এসেছে, পশ্চিম এশিয়ার সংঘাতকে কেন্দ্র করে জ্বালানি সরবরাহ ব্যবস্থায় সঙ্কট ও বিভিন্ন দেশের অর্থনীতিতে তার প্রভাবের প্রসঙ্গ। যুদ্ধের অবসানের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'ভারত বরাবরই বলে এসেছে যে, সব সংঘাত এবং যুদ্ধ পারস্পরিক কথোপকথন এবং কূটনীতির মাধ্যমে শেষ হয়, যুদ্ধক্ষেত্রে এগুলির মীমাংসা হয় না।'

## নেপালে মৃত্যু ১,৩০০ ছাড়াল, নিখোঁজ ৫,০০০



**৫ সেপ্টেম্বর:** নেপালে হড়পা বান-বিপর্যয়ে মৃতের সংখ্যা ১,৩০০ ছাড়াল। কাদা, ধ্বংসস্তূপ আর ভেঙে পড়া কাঠামোর মধ্যে কেউ জীবিত আছেন কিনা সেই খোঁজ চালিয়ে যাচ্ছেন উদ্ধারকারীরা। নেপাল সরকারের তরফে জানানো হয়েছে, সেদেশের ১২টি জলবিদ্যুৎ প্রকল্পে প্রায় ৯০০ জন কর্মী এখনও নিখোঁজ। তাঁদের মধ্যে ৫০০ জন বিভিন্ন সুড়ঙ্গে আটকে রয়েছেন বলে মনে করা হচ্ছে। সব মিলিয়ে প্রায় ৫ হাজার মানুষ এখনও নিখোঁজ। হড়পা বানে সবচেয়ে বেশি বিধ্বস্ত রাসুয়া জেলায় নেপালি সেনার সঙ্গে হাত মিলিয়ে কাজ করছে সুড়ঙ্গ থেকে উদ্ধারে বিশেষজ্ঞদের ভারতীয় দল। বিপর্যয়ের ফলে গৃহহীন হয়েছেন হাজার হাজার মানুষ। আপাতত তাঁদের জায়গা হয়েছে অস্থায়ী ত্রাণ শিবিরে।




“ক্ষমতাশালীরা ক্রমশ হিংস্র, উদ্ধত হয়ে উঠছেন, এটাই এখন ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে, ... মণিপুরের মানুষ বলে খুন হতে হচ্ছে। মণিপুরের মানুষ প্রতিনিয়ত বিপর্যয়ের মুখোমুখি হচ্ছেন। এর থেকে বড় ট্র্যাজেডি আর কী হতে পারে! তবে ন্যায়বিচারের লড়াইয়ে আমরা পাশে আছি।”

রাহুল গান্ধী, *লোকসভার বিরোধী দলনেতা*

মণিপুরী মিউজিশিয়ান চংথাম বিক্রম সিং-কে সম্প্রতি দিল্লিতে তাঁর বাড়ির সামনে পিটিয়ে মারার প্রতিবাদে শিল্পীর স্মরণে আয়োজিত অনুষ্ঠানে

## ঋণ জালিয়াতি মামলায় সিবিআই নিশানায় এসেল কর্তা



**৫ সেপ্টেম্বর:** এসেল গোষ্ঠীর কর্ণধার তথা জি-গ্রুপের প্রতিষ্ঠাতা সুভাষচন্দ্রের বিরুদ্ধে এবার ঋণ জালিয়াতির অভিযোগে এফ আই আর দায়ের করল সিবিআই। এক সপ্তাহ আগে তাঁর ২২,০০০ কোটি টাকারও বেশি ঋণ ৬.৫ কোটিতে মিটিয়ে নেওয়ার নির্দেশে স্থগিতাদেশ দিয়েছে এনসিএলটি-র পাঁচ সদস্যের বেঞ্চ। তদন্তকারীদের অভিযোগ এলআইসি হাউজিং ফিনান্স থেকে ৯৮০ কোটি টাকা ঋণ নেওয়ার সময় নিজের সম্পত্তির পরিমাণ বাড়িয়ে দেখিয়েছিলেন তিনি। যা পরবর্তীকালে অনাদায়ি ঋণে পরিণত হয়। গৃহঋণ সংস্থাটি জানায় এর ফলে তাদের ১,৩২২ কোটি টাকা লোকসান হয়েছিল। তারই ভিত্তিতে এফ আই আর করল সিবিআই। সংশ্লিষ্ট মহলের মতে এর ফলে সঙ্কট আরও বাড়ল এসেল কর্তার।

**দেশে সার্জেন বা শল্য চিকিৎসকদের** অন্যতম শীর্ষ সংগঠন 'অ্যাসোসিয়েশন অব সার্জেনস অব ইন্ডিয়া'র প্রেসিডেন্ট ইলেক্ট পদে নির্বাচিত হলেন জেনারেল সার্জেন দীপ্তেন্দ্র সরকার। দীর্ঘ ৩৫ বছর পরে দেশে শল্য চিকিৎসকদের সংগঠনের নেতৃত্বে ফের নতুন মুখ উঠে এল বাংলা থেকে। চেন্নাইয়ে সংগঠনের সদর দপ্তর থেকে আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা করা হয়। সংগঠনের সংবিধান অনুযায়ী প্রেসিডেন্ট ইলেক্ট পদে নির্বাচিত হওয়ার পর পরবর্তী পর্যায়ে রীতি মাফিক তিনি প্রেসিডেন্টের দায়িত্ব নেবেন। সংস্থার ৮৮ বছরের ইতিহাসে এর আগে চারজন বাঙালি সার্জেন এই পদে বসেছেন।

**২ সেপ্টেম্বর** দেশের সমস্ত পাঁচতারা হোটেলকে কঠোরভাবে খাবারের মান এবং সুরক্ষা সংক্রান্ত নিয়ম মানতে বলল খাদ্যসুরক্ষা এবং মান নিয়ন্ত্রক এফএসএসএআই। সংস্থা জানিয়েছে, সাধারণ মানুষের স্বার্থরক্ষায় প্রতিটি বিধি নিয়ম মেনে পালন করতেই হবে। এ ব্যাপারে নিয়ন্ত্রক সংস্থা শূন্য সহনশীলতার নীতি নিয়েছে। সংস্থার সিইও রঞ্জিত পুনহানি এদিন দেশের সব পাঁচতারা হোটেল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেছেন। তিনি জানিয়েছেন, অতিথিদের পরিবেশন করা খাবারের মান এবং সুরক্ষা সম্পর্কে নিয়ন্ত্রক সংস্থা 'শূন্য সহনশীল' নীতি নিয়ে চলায় হোটেলগুলিকেও এই সংক্রান্ত নিয়ম ঠিকভাবে মানতে হবে।

**৩ সেপ্টেম্বর** নিউইয়র্কে প্রয়াত হলেন আন্তর্জাতিক ক্ষেত্রে নারী অধিকার আন্দোলনের অন্যতম মুখ তথা লেখিকা ও সাংবাদিক গ্লোরিয়া স্টেইনেম (৯২)। সত্তরের দশকে আমেরিকার নারীমুক্তি আন্দোলনের অন্যতম কণ্ঠ হয়ে ওঠেন স্টেইনেম। তিনি 'এমএস' ম্যাগাজিনের সহ-প্রতিষ্ঠাতা ছিলেন এবং লিঙ্গবৈষম্যের বিরুদ্ধে লাগাতার সরব থেকেছেন।


**জাতীয় নিরাপত্তা আইনে গ্রেফতার** হওয়া দিল্লি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী আকৃতি চৌধুরীকে জামিনে মুক্তি দিল এলাহাবাদ হাইকোর্ট। উত্তরপ্রদেশ সরকার গত পাঁচমাস ধরে জেলে রেখেছিল আকৃতিকে। হাইকোর্ট শুধু তাঁকে জামিনে মুক্তিই দেয়নি, সরকারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশও দিয়েছে। আদালত বলেছে, সরকার মনগড়া গল্প বানিয়ে আকৃতিকে গ্রেফতার করেছিল। উল্লেখ্য ১১ এপ্রিল নয়ডার এক শ্রমিক সমাবেশে মানবাধিকার কর্মী হিসেবে বক্তৃতা করেছিলেন আকৃতি। সেদিনই তাঁকে গ্রেফতার করে উত্তরপ্রদেশ পুলিশ। তাঁর বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা আইনের ধারা যোগ করা হয়। আকৃতির গ্রেফতারকে চ্যালেঞ্জ করে হেবিয়াস কর্পাসের আবেদন করা হয় এলাহাবাদ হাইকোর্টে। সেখানেই বিচারপতিদের বেঞ্চ বলে সরকার মনগড়া গল্প ফেঁদে তাঁকে আটক রেখেছে।

**৪ সেপ্টেম্বর** রাজ্য সরকার রাজ্য পর্যটনের নতুন লোগো প্রকাশ করল। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী লোগো প্রকাশ অনুষ্ঠানে জানান, পশ্চিমবঙ্গের বৈচিত্র্য-কে কাজে লাগিয়ে পর্যটন পরিকাঠামো দেশ, বিদেশের পর্যটকদের জন্য নতুন করে গড়ে তোলা হবে। মুখ্যমন্ত্রী আরও জানান, ৫০০ কোটি টাকা বাজেট বরাদ্দ রয়েছে পর্যটন দফতরের জন্য। রাজ্য পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ জানান, বছরের বিশেষ ১২টি দিনকে কেন্দ্র করে মন্ত্রী থেকে আধিকারিক সকলে রাজ্যের ঐতিহ্যবাহী পোশাক পরে অফিস করবেন।

**বিচার বিভাগীয় আধিকারিক এবং** জেলা জজদের অবসরের বয়স ৬০ থেকে বাড়িয়ে ৬২ বছর করার জন্য পশ্চিমবঙ্গ-সহ সাতটি রাজ্যকে সার্ভিস রুল সংশোধন করার নির্দেশ দিল শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ 'অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশন'-এর শুনানিতে জানিয়েছে, যে পশ্চিমবঙ্গ, ছত্তিশগড় কর্নাটক, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, সিকিম এবং তামিলনাড়ু সরকার এই বিষয়ে সম্মতি দিয়েছিল। তবে অবসরের বয়স বৃদ্ধির ঢালাও সুপারিশ করা হয়নি। শীর্ষ আদালতের নির্দেশ, বিচারকের ৬০ বছর বয়স পূর্ণ হওয়ার সময়ে সংশ্লিষ্ট হাইকোর্ট তাঁর কাজের মান ও উপযুক্ততা পর্যালোচনা করে মেয়াদ বৃদ্ধি করবে।

**রাশিয়ার সঙ্গে সাময়িক যুদ্ধবিরতির** প্রস্তাব দিলেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। উল্লেখ্য, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দূত জ্যারেড কুশনার ও স্টিভ উইটকফ মস্কো ও কিভ সফরে পৌঁছেছেন ৫ ও ৬ সেপ্টেম্বর। কূটনীতিকেরা মনে করছেন এই সফরের প্রাক্কালে জেলেনস্কির এই প্রস্তাব যথেষ্ট তাৎপর্যপূর্ণ। অন্যদিকে, ইউক্রেন সফর সেরে পোল্যান্ডে গেলেন ভারতীয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে বৈঠক করলেন সে দেশের উপপ্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী রাদোস্লাভ সিকোরস্কির সঙ্গে। পরে জয়শঙ্কর জানান, আলোচনা হয়েছে বাণিজ্য, বিনিয়োগ, মহাকাশ, ডিজিটাল প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর, শিক্ষা, জাহাজ শিল্প ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়ানো নিয়ে। জোর দেওয়া হয়েছে সার এবং জ্বালানি ক্ষেত্রে নিরাপত্তা বাড়ানোর দিকটি নিয়েও।

## রুশ-ইউক্রেন যুদ্ধ বন্ধে সাহায্যে প্রস্তুত ভারত: জয়শঙ্কর



**৩ সেপ্টেম্বর:** মস্কো-কিভ যুদ্ধ বন্ধ করতে দিল্লি সাহায্যের জন্য প্রস্তুত রয়েছে বলে কিভ সফরে গিয়ে মন্তব্য করলেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। ইউক্রেনের বিদেশমন্ত্রী অ্যান্ড্রি সাইবিহা-র সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের জয়শঙ্কর বলেন, 'এই যুদ্ধ থামাতে ভারত যদি কোনওভাবে সাহায্য করতে পারে, তা সে যেভাবেই সম্ভব, আমরা প্রস্তুত। প্রয়োজনীয় মধ্যস্থতায়ও আমাদের সমর্থন রয়েছে।' সেই সঙ্গে কৃষ্ণসাগরে বাণিজ্যিক জাহাজে হামলার বিষয়েও দুই বিদেশমন্ত্রীর কথা হয় বলে জানা গিয়েছে। রুশ-ইউক্রেন যুদ্ধ শুরুর পর থেকে এটাই প্রথম ইউক্রেন সফর জয়শঙ্করের।

## ইমরানের জন্য এবার সরব লারা





**৫ সেপ্টেম্বর:** ইমরান খানের উপযুক্ত চিকিৎসার দাবি নিয়ে এবার সরব হলেন ক্যারিবিয়ান কিংবদন্তি ব্রায়ান লারা। দীর্ঘদিন ধরেই পাকিস্তানে কারাবন্দি হয়ে আছেন সে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী এবং বিশ্বজয়ী ক্রিকেট অধিনায়ক ইমরান খান। খুবই অসুস্থ তিনি। দেশ-বিদেশের ক্রিকেটাররা দাবি তুলেছেন, যাতে ইমরানের উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা হয়। এই তালিকায় ভারত থেকে আছেন সুনীল গাভাসকার, কপিল দেব। লারা এদিন বলেছেন, 'আমি বাকি প্রাক্তন অধিনায়কদের পাশে দাঁড়িয়ে দাবি তুলছি, ইমরান খানের প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হোক। যে সম্মান ওর প্রাপ্য, তা দেওয়া হোক। এটা রাজনীতি নয়। আমাদের খেলাটার এক কিংবদন্তির জন্য সামান্য মানবিকতা প্রদর্শনের দাবি।'

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**৫ সেপ্টেম্বর** প্রশাসনিক কাজকর্মে বাংলা ভাষাকে বাধ্যতামূলক করল রাজ্য সরকার। এই পদক্ষেপ করার কথা গত ২০ জুলাই বিধানসভার অধিবেশনেই জানিয়েছিল বিজেপি। এবার মুখ্যসচিব মনোজ আগরওয়াল পুরোপুরি বাংলায় লেখা সরকারি আদেশনামায় এবং বাংলায় সই করে জানিয়েছেন, ১ সেপ্টেম্বর থেকেই প্রশাসনের সর্বস্তরে বাংলা ভাষা বাধ্যতামূলক হয়েছে। নবান্নের তরফে জানানো হয়েছে, সাধারণের সঙ্গে যোগাযোগ, আবেদন গ্রহণ এবং উত্তর দেওয়া, বিজ্ঞপ্তি, নোটিশ, আদেশনামা, পরিষেবা-তথ্য এবং অন্যান্য সব কাজে বাংলারই ব্যবহার হবে।

## সুন্দরবন ও বাঘ সংরক্ষণে দিল্লি-ঢাকা যৌথ উদ্যোগ



৭ সেপ্টেম্বর: সুন্দরবন ও বাঘ সংরক্ষণে দিল্লি-ঢাকা যৌথভাবে পদক্ষেপ করার সিদ্ধান্ত নিল। ঢাকায় সেদেশের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়েছে। স্থির হয়েছে বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্যের জীববৈচিত্র্য এবং রয়্যাল বেঙ্গল টাইগারের সংরক্ষণে দু-দেশের পরবর্তী যৌথ আলোচনা হবে ঢাকায়। এই বৈঠকে আন্তঃসীমান্ত বায়ু ও নদীদূষণ সমস্যা মোকাবিলায় বৈজ্ঞানিক তথ্য বিনিময়, সংশ্লিষ্ট সংস্থাগুলির মধ্যে নিয়মিত যোগাযোগ এবং সমন্বয়ে গুরুত্ব দিয়েছেন দুই দেশের প্রতিনিধিরা। উল্লেখ্য, এর আগে, সুন্দরবনের বাঘ সংরক্ষণে দু-দেশের যৌথ পাইলট প্রকল্প ২০২৪ সালের ফেব্রুয়ারিতে শুরু হলেও বাংলাদেশে অরাজকতা শুরু হওয়ায় তার কাজ আর এগোয়নি।

**৬ সেপ্টেম্বর** আরও নির্ভুল এবং পরিবর্তিত এক মানচিত্র ব্যবহারের পক্ষে প্রস্তাব পেশ করল রাষ্ট্রপুঞ্জ। সেই 'ইকুয়াল আর্থ'-কে সমর্থন জানিয়েও সতর্কতার বার্তা দিল নয়াদিল্লি। বিদেশ মন্ত্রক এদিন বিবৃতি দিয়ে জানাল, নতুন মানচিত্রে জম্মু-কাশ্মীর, লাদাখ আঁকতে হবে ভারতের মানচিত্র অনুসারে। নয়াদিল্লি জানিয়েছে, দেশের সার্বভৌম ভূখণ্ড, বিশেষ করে জম্মু-কাশ্মীর ও লাদাখের কেন্দ্রশাসিত অঞ্চলকে ভারতের সরকারি মানচিত্র অনুযায়ী সঠিকভাবে দেখাতে হবে। কোনও ভুল বা বিভ্রান্তিকর উপস্থাপনা গ্রহণযোগ্য নয় বলে জানিয়েছে বিদেশ মন্ত্রক।

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীই ২০২৯-এর লোকসভা নির্বাচনে ইন্ডিয়া শিবিরের প্রধানমন্ত্রী পদপ্রার্থী হবেন বলে জানিয়ে দিলেন কংগ্রেসের সাংগঠনিক সম্পাদক কে সি বেণুগোপাল। সিপিএমের সাধারণ সম্পাদক এম এ বেবিও মন্তব্য করেছেন, স্বাভাবিক নিয়মে বিরোধী দলনেতারই প্রধানমন্ত্রী পদের উপরে অধিকার থাকে। সম্প্রতি তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী বিজয়কেও অবশ্য তাঁর দল টিভিকে-র নেতারা ২০২৯-এর প্রধানমন্ত্রীর মুখ হিসেবে দাবি করেছিলেন।

**দিল্লি** বিশ্ববিদ্যালয়ের সাউথ ক্যাম্পাসের কাছাকাছি সত্য নিকেতন এলাকায় একটি বহুতল বাড়ি ভেঙে মৃত্যু হল অন্তত ৭ জনের। দুর্ঘটনার পরে প্রথমে স্থানীয়রা এবং পরে পুলিশ, দমকল ও বিপর্যয় মোকাবিলা বাহিনী উদ্ধার কাজ শুরু করে। প্রবল বৃষ্টি চলাকালীন বাড়িটি ভেঙে পড়ে বলে জানা গিয়েছে। উদ্ধার হওয়া অনেকের অবস্থাই ছিল আশঙ্কাজনক। সত্য নিকেতন নামের এই এলাকায় প্রচুর ছাত্র-ছাত্রী থাকেন। পুলিশ ও স্থানীয়দের বক্তব্য ভেঙে পড়া বাড়িটি অন্তত ৪০-৫০ বছরের পুরনো। সেটির নীচে একটি বেসমেন্ট এবং উপরে পাঁচটি তলা জুড়ে পড়ুয়ারা পিজি হিসেবে থাকতেন। অভিযোগ, দুর্ঘটনার অব্যবহিত পরেই ভিডিও ছড়িয়ে পড়া ঠেকাতে প্রশাসনিক তরফে জ্যামার প্রয়োগ করা হয়। যার ফলে, উদ্ধারকার্য বিঘ্নিত হয়েছে।

## চিন মাস্টার্স খেতাব জয় সাত্ত্বিক-চিরাগ জুটির



৬ সেপ্টেম্বর: ব্যাডমিন্টনের চিন মাস্টার্সে চ্যাম্পিয়নের খেতাব জিতল ভারতের সাত্ত্বিক-চিরাগ জুটি। এদিন হি জিং-টিং ও রেন জিয়াং উ-এর জুটিকে তিন গেমের লড়াইয়ে হারাল প্রাক্তন বিশ্বসেরা ভারতীয় জুটি। ফল ১১-২১, ২১-১৩, ২১-১৭। ১ ঘণ্টা ১০ মিনিটের ম্যাচের পরে প্রথম ভারতীয় জুটি হিসেবে বিশ্ব ব্যাডমিন্টন সংস্থার ৭৫০ পর্যায়ের প্রতিযোগিতা জিতলেন তাঁরা।

**৭ সেপ্টেম্বর** সারা দেশে গত ১০ বছরে ৫৯ কোটির বেশি জনধন অ্যাকাউন্ট খোলা হলেও সেগুলির ৫.৭২ কোটিতেই কোনও টাকা নেই। অর্থাৎ সেগুলি আক্ষরিক অর্থেই জিরো ব্যালেন্স। প্রায় ২৫ শতাংশ অ্যাকাউন্টে লেনদেন হয় না। তথ্যের অধিকার আইনের অধীনে করা এক প্রশ্নের উত্তরে একথা জানিয়েছে অর্থ মন্ত্রক। এই পরিসংখ্যানে প্রকল্পের সাফল্য নিয়ে প্রশ্ন উঠেছে। মন্ত্রকের তথ্য বলছে টাকা না থাকা অ্যাকাউন্টের তালিকায় তৃতীয় স্থানে থাকা পশ্চিমবঙ্গে জিরো ব্যালেন্স অ্যাকাউন্ট ৩৭.২০ লক্ষ। শীর্ষে উত্তরপ্রদেশ (৯৫.২২ লক্ষ) এবং দ্বিতীয় বিহার (৬২.৩৫ লক্ষ)।

স্বঘোষিত হিন্দুত্ববাদী নেটপ্রভাবী স্বতন্ত্র ভরদ্বাজকে ১৪ দিনের জন্য জেল হাজতে পাঠানোর নির্দেশ দিল দিল্লির পাটিয়ালা হাউস কোর্ট। যন্তর মন্তরে পড়ুয়াদের আন্দোলনে হাজির এক দলিত কিশোরীর বাবাকে মেরে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ রয়েছে স্বতন্ত্রর বিরুদ্ধে। তবে ককরোচ জনতা পার্টির (সিজেপি) চাপের মুখে দিল্লি পুলিশ তাকে উত্তরপ্রদেশ থেকে গ্রেফতার করেছে। তার বিরুদ্ধে তফসিলি জাতি-জনজাতি পীড়ন প্রতিরোধ আইন ও পকসো আইনে মামলা দায়ের করা হয়েছে। সিজেপি-র নেতা সৌরভ দাস বলেছেন, 'যন্তর মন্তরে আন্দোলনকারীদের বিরুদ্ধে মামলা খারিজের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। সেই রায়কে হাতিয়ার করে স্বতন্ত্র পিঠ বাঁচাতে চাইছিল।'




## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'টিউলিপ চার্ট' কোন খেলায় ব্যবহৃত হয়?
(a) দাবা (b) ফুটবল (c) মোটর র‍্যালি (d) ঘোড়দৌড়
2. 'পুসতাম' কোন দেশের তৃণভূমি?
(a) হাঙ্গেরি (b) ব্রাজিল (c) আর্জেন্টিনা (d) নেদারল্যান্ড
3. পিঁপড়ের হুলে কোন অ্যাসিড থাকে?
(a) টার্টারিক অ্যাসিড (b) ফরমিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) নাইট্রিক অ্যাসিড
4. 'ইয়াগো' চরিত্রটি শেক্সপিয়ারের কোন নাটকে আছে?
(a) ম্যাকবেথ (b) রোমিও-জুলিয়েট (c) দ্য মার্চেন্ট অব ভেনিস (d) ওথেলো
5. 'অষ্টমুদী হ্রদ' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মিজোরাম (b) মণিপুর (c) কেরালা (d) তামিলনাড়ু
6. দুই জার্মানি (পূর্ব ও পশ্চিম) বার্লিন প্রাচীর ভেঙে কবে এক হয়ে যায়?
(a) 1980 (b) 1985 (c) 1987 (d) 1990
7. ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরকে কোন প্রণালী যুক্ত করেছে?
(a) মালাক্কা প্রণালী (b) কুক প্রণালী (c) জিব্রাল্টার প্রণালী (d) ফ্লোরিডা প্রণালী
8. 'দেশ প্রেম অপরাধ হতে পারে না'— কে একথা বলেছিলেন?
(a) সুভাষচন্দ্র বোস (b) জওহরলাল নেহরু (c) অরবিন্দ ঘোষ (d) গান্ধীজি
9. আন্তর্জাতিক ফুটবল নিয়ামক সংস্থা বা FIFA কত সালে গঠিত হয়েছিল?
(a) 1900 সালে (b) 1904 সাল (c) 1910 সালে (d) 1912 সালে
10. 'পাইরোফোবিয়া' কীসের সঙ্গে যুক্ত?
(a) জল (b) আগুন (c) সূর্যের আলো (d) গতি
11. ভারতের সংবিধানে বর্ণিত জরুরি অবস্থার নিয়ম কোথা থেকে নেওয়া হয়েছে?
(a) কানাডার সংবিধান থেকে (b) জার্মান সংবিধান থেকে (c) আমেরিকার সংবিধান থেকে (d) অস্ট্রেলিয়ার সংবিধান থেকে
12. প্রথম কোন অভিনেতা/অভিনেত্রী পদ্মশ্রী পুরস্কার পেয়েছিলেন?
(a) দিলীপ কুমার (b) নার্গিস (c) রাজকাপুর (d) বলরাজ সাহানি
13. 'কুটুম-কাটাম' শিল্পরীতির জনক কে?
(a) বিমল কর (b) অবনীন্দ্রনাথ ঠাকুর (c) বিবেকানন্দ (d) অরবিন্দ ঘোষ
14. 'চাম' কোন রাজ্যের একটি বিখ্যাত নৃত্য?
(a) অন্ধ্রপ্রদেশ (b) উত্তর প্রদেশ (c) অরুণাচল প্রদেশ (d) বিহার
15. কংগ্রেসের কোন অধিবেশনে সর্বপ্রথম 'পূর্ণস্বরাজ'-এর দাবি ওঠে?
(a) লাহোর (1929) (b) কলকাতা (1937) (c) করাচি (1931) (d) লাহোর (1940)
16. পৃথিবী বিখ্যাত 'ক্যান্টারবেরি' সমভূমি কোথায় অবস্থিত?
(a) অস্ট্রেলিয়ায় (b) নেদারল্যান্ডে (c) নিউ জিল্যান্ডে (d) দক্ষিণ কোরিয়ায়
17. তিব্বত, নেপাল, ভুটান, পশ্চিমবঙ্গের সীমানা বরাবর অবস্থিত:
(a) ত্রিপুরা (b) মিজোরাম (c) আসাম (d) সিকিম
18. 'ভারতীয় সমস্যার একমাত্র সমাধান ভারত বিভাজন'-একথা কে বলেন?
(a) মহম্মদ ইকবাল (b) মহম্মদ আলি জিন্না (c) অরুণা আসফ আলি (d) এদের মধ্যে কেউই নন
19. কত সালে পুণাচুক্তি স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1932 (b) 1930 (c) 1928 (d) 1926
20. পারদের কোন বিশেষ গুণের জন্য এটিকে ক্লিনিক্যাল থার্মোমিটারে ব্যবহার করা হয়?
(a) তাপের সুপরিবাহী (b) তড়িৎ-সুপরিবাহী (c) সহজলভ্য (d) ঘনত্ব বেশি
21. সিগারেট লাইটারে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) হেপটেন (b) বিউটেন (c) পেপটেন (d) মিথেন
22. 'থর মরুভূমির প্রবেশদ্বার' কোন শহরকে বলা হয়?
(a) জয়পুর (b) প্রতাপগড় (c) যোধপুর (d) জয়সলমীর
23. মানবদেহের মুখমণ্ডলে মোট ক'টি অস্থি রয়েছে?
(a) 25টি (b) 18টি (c) 16টি (d) 14টি
24. নয় ডিগ্রি চ্যানেল কোন দু'টি ভারতীয় অঞ্চলকে পৃথক করেছে?
(a) লাক্ষাদ্বীপ ও মিনিকয় দ্বীপপুঞ্জ (b) ক্ষুদ্র ও বৃহৎ নিকোবর দ্বীপপুঞ্জ (c) গোয়া ও দমন (d) আন্দামান ও নিকোবর
25. অযোধ্যা পাহাড়ের বিখ্যাত জলপ্রপাতটির নাম কী?
(a) বামনি (b) সুমিত্রা (c) মান্ডবী (d) বৈতালি
26. ভারতের দীর্ঘতম কেবল ব্রীজ কোনটি?
(a) রবীন্দ্র সেতু (কলকাতা) (b) হীরাকুঁদ ব্রীজ (ওড়িশা) (c) সুদর্শন সেতু (গুজরাট) (d) ভাকরা ব্রীজ (পাঞ্জাব)
27. ভারতের পরিকল্পনা কমিশনের প্রথম ডেপুটি চেয়ারম্যান কে ছিলেন?
(a) কৃষ্ণকান্ত (b) প্রশান্ত মহালানবিশ (c) টি টি কৃষ্ণমাচারি (d) গুলজারিলাল নন্দ
28. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) রাজা রামমোহন রায় (c) ডিরোজিও (d) কেশবচন্দ্র সেন
29. ভারতীয় নবজাগরণের অগ্রদূত কাকে বলা হয়?
(a) সুভাষচন্দ্র বোস (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) রাজা রামমোহন রায় (d) কেশবচন্দ্র সেন
30. অভিনেতা উত্তমকুমারের আসল নাম কী ছিল?
(a) বীরেশ্বর সেনগুপ্ত (b) অরুণ কুমার চট্টোপাধ্যায় (c) বরুণ চট্টোপাধ্যায় (d) আভাস কুমার চট্টোপাধ্যায়
31. সৈয়দ মুস্তাফা বশির কোন ভাষায় সাহিত্য রচনা করে বিখ্যাত হয়েছেন?
(a) হিন্দি (b) তামিল (c) উর্দু (d) মালয়ালম
32. ইথিলিন গ্যাস কী কাজে ব্যবহৃত হয়?
(a) ফল পাকাতে (b) খাবার সংরক্ষণ করতে (c) ফল বিনষ্ট করতে (d) ফলের উচ্চফলন করতে
33. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড কবে ঘটেছিল?
(a) 15 অগস্ট, 1921 (b) 21 এপ্রিল, 1922 (c) 13 এপ্রিল, 1919 (d) 23 সেপ্টেম্বর,1923
34. মুন্ডা বিদ্রোহ কখন ঘটেছিল?
(a) 1854-1855 (b) 1899-1900 (c) 1861-1862 (d) 1869-1870
35. 'বাবরনামা'-র লেখক কে ছিলেন?
(a) ফিরদৌসি (b) আবুল ফজল (c) বাবর (d) এদের মধ্যে কেউই নন
36. আন্দামানে ভারতের কোন গভর্নর জেনারেল নিহত হয়েছিলেন?
(a) লর্ড মেয়ো (b) লর্ড লিটন (c) লর্ড কার্জন (d) লর্ড ডারউইন
37. ইলেক্ট্রন-এর আবিষ্কারক কে?
(a) রবার্ট হুক (b) জে জে থমসন (c) জেমস চ্যাডউইক (d) ইভান স্পেনসার
38. দু'টি অশোকস্তম্ভ দিল্লিতে নিয়ে গিয়ে পুনরায় স্থাপন করেন কোন সুলতান?
(a) আকবর (b) আলাউদ্দিন খিলজি (c) ফিরোজশাহ তুঘলক (d) বলবন
39. অ্যাসিটাইল স্যালিসাইলিক-অ্যাসিডের অপর নাম কী?
(a) রেসারপিন (b) মরফিন (c) ডাটুরিন (d) অ্যাসপিরিন
40. তড়িৎ চুম্বকীয় আবেশ কে আবিষ্কার করেন?
(a) মাইকেল স্যাডলার (b) মাইকেল ফ্যারাডে (c) হামফ্রে ডেভি (d) আলেকজান্ডার ফ্লেমিং
41. রূপনারায়ণ নদী কোন দু'টি নদীর মিলিত প্রবাহ?
(a) দ্বারকেশ্বর ও মাতলা (b) মাতলা ও শিলাই (c) দ্বারকেশ্বর ও শিলাই (d) কোনওটিই নয়
42. ভারতে মোট ক'টি নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট আছে?
(a) 2টি (b) 3টি (c) 4টি (d) 7টি
43. ভারতের কোন অংশটি ইন্দোনেশিয়ার কাছে অবস্থিত?
(a) লাক্ষাদ্বীপ (b) গোয়া (c) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (d) দমন ও দিউ
44. পাবলিক অ্যাকাউন্টস কমিটি কতজন নিয়ে গঠিত হয়?
(a) 15 জন (b) 20 জন (c) 22 জন (d) 25 জন
45. সংবিধানের কোন ধারায় অর্থ বিধেয়ক (Money Bill) সম্পর্কে আলোচনা করা হয়েছে?
(a) 105 নম্বর ধারা (b) 110 নম্বর ধারা (c) 115 নম্বর ধারা (d) 122 নম্বর ধারা
46. অর্থ-বিষয়ক বিল রাজ্যসভায় কতদিন রাখা যায়?
(a) 20 দিন (b) 17 দিন (c) 14 দিন (d) 12 দিন
47. ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় 'সামাজিক' এবং 'ধর্মনিরপেক্ষ' শব্দটি কততম সংশোধনী দ্বারা যুক্ত হয়েছে?
(a) 42তম (b) 44তম (c) 46তম (d) 50তম
48. আয়তনে পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ জেলা কোনটি?
(a) পশ্চিম মেদিনীপুর (b) দক্ষিণ ২৪ পরগনা (c) বর্ধমান (d) বাঁকুড়া
49. সিভিল অ্যাভিয়েশন ট্রেনিং সেন্টার কোথায় অবস্থিত?
(a) দেরাদুন (b) ব্যাঙ্গালোর (c) হায়দ্রাবাদ (d) প্রয়াগরাজ
50. আরাবল্লী পর্বত হতে সৃষ্টি হয়ে কোন নদী কাম্বে উপসাগরে পতিত হয়েছে?
(a) সবরমতি (b) যমুনা (c) বিপাশা (d) মহানদী
51. মুর্শিদাবাদের জেলা সদর শহর কোনটি?
(a) লালগোলা (b) ভগবানগোলা (c) বহরমপুর (d) খাগরা
52. মালদহ জেলার কালিন্দী নদীর দক্ষিণ অংশ কী নামে খ্যাত?
(a) বাদা (b) ভাঙন (c) ভার্বর (d) দিয়ারা
53. জলপাইগুড়ি শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) তোর্সা (b) তিস্তা (c) রায়ডাক (d) মহানন্দা
54. লোকসভায় তপশিলী উপজাতিদের জন্য কতগুলো আসন সংরক্ষিত আছে?
(a) 38টি (b) 40টি (c) 47টি (d) 51টি
55. ট্রিপল অ্যান্টিজেন কোন রোগের প্রতিষেধক হিসেবে কাজ করে?
(a) ডিপথেরিয়া, টিটেনাস এবং হুপিং কাশি (b) জ্বর, সর্দি এবং কাশি (c) টাইফয়েড, কলেরা ও ম্যালেরিয়া (d) ডিপথেরিয়া জ্বর ও টাইফয়েড
56. সঙ্গম চোলদের প্রথম রাজধানী কোনটি ছিল?
(a) উরাইয়ুর (b) কাঞ্চি (c) পুহার (d) তেলেঙ্গি
57. রানী গাইদিনলিউ কোন রাজ্যের স্বাধীনতা সংগ্রামী ছিলেন?
(a) আসাম (b) মণিপুর (c) নাগাল্যান্ড (d) কেরালা
58. ক্রিপস মিশন কোন সালে ভারতে আসে?
(a) 1942 ফেব্রুয়ারি (b) 1942 মার্চ (c) 1942 এপ্রিল (d) 1942 মে
59. লর্ড কর্নওয়ালিসের চিরস্থায়ী বন্দোবস্তের সুপারিশ কে করেছিলেন?
(a) হেক্টর মুনরো (b) জনশোর (c) এডমন্ড বার্ক (d) জন ম্যাকফার্সন
60. কলকাতার ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন?


এরপর নয়ের পাতায়

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'BRACKET' যদি DPCAMCV সংকেতে লেখা হয় তবে 'BLOCK' কোন সংকেতে লেখা হবে?
(a) DJQAM (b) DJQMA (c) DJMQA (d) DJQAM
2. SAND শব্দটির সাংকেতিক শব্দ যদি TBOE হয় তবে GATE শব্দটির সাংকেতিক শব্দ কী হবে?
(a) FXOV (b) HBUF (c) FZSD (d) HDXJ

**নির্দেশ (3 থেকে 10):** অনুপস্থিত সংখ্যাটি চিহ্নিত করুন:

3.


(a) 9 (b) 13 (c) 8 (d) 7

4.


| | | | | |
|---|---|---|---|---|
| 4 | 9 | | 8 | 3 |
| 36 | 13 | | ? | 11 |

(a) 38 (b) 88 (c) 24 (d) 45


5.

| | | |
|---|---|---|
| 7 | ? | 9 |
| 35 | 25 | 45 |


(a) 8 (b) 5 (c) 6 (d) 4

6.



(a) 5 (b) 25 (c) 2 (d) 0

7.



(a) 35 (b) 40 (c) 25 (d) 5

8.


(a) 210 (b) 72 (c) 22 (d) 420

9.


(a) 14 (b) 19 (c) 24 (d) 4

10.


(a) 7 (b) 42 (c) 9 (d) 1

11. প্রদত্ত সিরিজটি সম্পূর্ণ করুন: 60 21 9 6 6 ?
(a) 5 (b) 7 (c) 3 (d) 8
12. ? চিহ্ন স্থানে কোন সংখ্যাটি বসবে?
73 ? 19 10 5.5 3.25
(a) 43 (b) 31 (c) 29 (d) 37

13.

| | | | |
|---|---|---|---|
| 4 | 9 | 17 | 6 |
| 20 | 25 | 8 | 19 |
| 7 | 5 | 2 | 9 |
| ? | 20 | 26 | 35 |

(a) 7 (b) 9 (c) 8 (d) 5
14. যদি AT = 20, BAT = 40, তাহলে CAT = ?
(a) 60 (b) 50 (c) 40 (d) 30

**নির্দেশ (15 থেকে 17):** *শূন্যস্থান পূরণ করুন।*

15. ac __ ba __ bb ___ c __
(a) cbac (b) abca (c) bcab (d) cabc
16. 8, 12, 10, 16, 12, ?
(a) 20 (b) 25 (c) 30 (d) 35
17. 675 : 18 : : 481 : ?
(a) 10 (b) 11 (c) 12 (d) 13

**নির্দেশ (18 থেকে 21):** *রাম, সোহন ও মোহন ফুটবল, হকি এবং ক্রিকেট খেলে। রাম, রমেশ এবং মোহন হকি, ক্রিকেট এবং বাস্কেটবল খেলে, রাম, সোহন, রহিম এবং মোনে ক্রিকেট ও ফুটবল উভয়ই খেলে। উপরের তথ্যগুলি থেকে নীচের প্রশ্নগুলির উত্তর দিন।*

18. কোন দু'টি ছেলে সব খেলাই খেলে?
(a) রাম ও মোহন (b) মোহন ও সোহন (c) সোহন ও রাম (d) মোহন ও রহিম
19. কে ফুটবল খেলে না?
(a) মোহন (b) রাম (c) রমেশ (d) রহিম
20. কোন খেলাটি সব ছেলেই খেলে?
(a) ফুটবল (b) হকি (c) বাস্কেটবল (d) ক্রিকেট
21. রহিম কোন খেলাগুলি খেলে না?
(a) ফুটবল ও ক্রিকেট (b) ফুটবল ও হকি (c) হকি ও বাস্কেটবল (d) বাস্কেটবল ও ক্রিকেট
22. ? চিহ্নিত স্থানে কী বসবে?

| | | |
|---|---|---|
| 4 | 6 | 12 |
| 8 | 10 | 6 |
| 2 | 5 | ? |
| 16 | 12 | 8 |

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ওয়েলেসলি (c) লর্ড ডালহৌসি (d) লর্ড কর্নওয়ালিস

61. ঝিলাম নদী কোথায় চন্দ্রভাগা নদীর সঙ্গে যুক্ত হয়?
(a) লাদাখ (b) চাশমা (c) বরাই পর্বত (d) ত্রিম্মু

62. 'বিরহোর' উপজাতি কোথায় বসবাস করে?
(a) আসাম (b) নাগাল্যান্ড (c) তামিলনাড়ু (d) ঝাড়খণ্ড

63. 2, 10, 18, 36, 54 এবং 86 আণবিক সংখ্যাযুক্ত মৌলগুলি হল:
(a) হ্যালোজেন (b) নোবলে ধাতু (c) হালকা ধাতু (d) নোবেল গ্যাস

64. হুইটস্টোন ব্রিজ নীচের কোনটি পরিমাপ করে?
(a) রোধ (b) বিকিরণ (c) ঘনত্ব (d) তড়িৎপ্রবাহ

65. সমুদ্রগুপ্তের সভাকবি কে ছিলেন?
(a) অশ্বঘোষ (b) নাগার্জুন (c) হরিষেণ (d) আর্যভট্ট

66. গুরুমুখী বর্ণমালার প্রবর্তন কে করেছিলেন?
(a) গুরু অমরদাস (b) গুরু নানক (c) গুরু অঙ্গদ (d) গুরু রামদাস

67. জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
(a) কার্জন (b) ডাফরিন (c) ক্যানিং (d) হেস্টিংস

68. 'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন' কে প্রতিষ্ঠা করেন?
(a) ডিরোজিও (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) রামমোহন রায় (d) অরবিন্দ ঘোষ

69. 'পরমবীর চক্র' প্রথম কে পেয়েছিলেন?
(a) জয়ন্ত চৌধুরী (b) যোগেন্দর সিং যাদব (c) সোমনাথ শর্মা (d) সঞ্জয় বনশল

70. 'লা মার্সেইয়েজ' কী?
(a) একটি ফরাসি দৈনিক (b) ফ্রান্সের জাতীয় সংগীত (c) মেক্সিকোর একটি দ্বীপ (d) মোনালিসা চিত্রটির ফরাসি নাম

71. ভারতের কোন দিনটি 'জাতীয় পর্যটন দিবস' হিসাবে পালিত হয়?
(a) এপ্রিল, 15 (b) জানুয়ারি, 25 (c) ফেব্রুয়ারি, 6 (d) মার্চ, 9

72. চালুক্য রাজবংশের শ্রেষ্ঠ রাজা কাকে বলা হয়?
(a) প্রথম পুলকেশী (b) দ্বিতীয় পুলকেশী (c) প্রথম বিক্রমাদিত্য (d) দ্বিতীয় বিক্রমাদিত্য

73. 'Child is the Father of Man' —এই উক্তিটি কে করেছিলেন?
(a) মিল্টন (b) কিটস (c) শেক্সপিয়ার (d) ওয়ার্ডসওয়ার্থ

74. 'পাউরুটি কাটার ছুরি' কী ধরনের লিভার?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

75. 'জলপেশ্বর মন্দির' পশ্চিমবঙ্গের কোথায় অবস্থিত?
(a) মালদহ (b) দার্জিলিং (c) জলপাইগুড়ি (d) দক্ষিণ দিনাজপুর

76. A, B ও C-এর মাসিক বেতনের অনুপাত 2 : 3 : 5। যদি C-এর বেতন A-এর থেকে 600 টাকা বেশি হয়, তাহলে B-এর বার্ষিক বেতন কত টাকা হবে?
(a) 7200 টাকা (b) 7300 টাকা (c) 7400 টাকা (d) 7500 টাকা

77. 20 থেকে 30-এর মধ্যবর্তী বিজোড় সংখ্যাগুলির যোগফল কত?
(a) 115 (b) 120 (c) 125 (d) 130

78. একজন ব্যাটসম্যান তাঁর 19তম ইনিংসে 98 রান করলে তাঁর মোট রানের গড় 4 বাড়ল। 19তম ইনিংসের পর তাঁর রানের গড় হল:
(a) 26 (b) 27 (c) 28 (d) 29

79. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 5 : 4 হলে ক্ষতির শতকরা হার কত?
(a) 20% (b) 30% (c) 35% (d) 40%

80. একটি গাড়ির চাকার পরিধি 'd' m, চলার সময় গাড়ির চাকা প্রতি মিনিটে 100 বার ঘুরলে গাড়ির গতিবেগ:
(a) 8d কিমি/ঘণ্টা (b) 6d কিমি/ঘণ্টা (c) 3d কিমি/ঘণ্টা (d) 4d কিমি/ঘণ্টা

81. 15টি বল 480 টাকায় বিক্রি করায় 3টি বলের ক্রয়মূল্য ক্ষতি হয়। একটি বলের ক্রয়মূল্য কত?
(a) 40 টাকা (b) 41 টাকা (c) 42 টাকা (d) 43 টাকা

82. যদি $a + b + c = 6$, $a^2 + b^2 + c^2 = 14$ হয়, তাহলে $bc + ca + ab$ -এর মান কত?
(a) 20 (b) 11 (c) 22 (d) 25

83. $\frac{1}{x^2}+\frac{1}{y^2}$ -এর মান কত হবে যেখানে $x = 2+\sqrt{3}$ এবং $y = 2-\sqrt{3}$
(a) 12 (b) 16 (c) 14 (d) 10

84. যদি $\frac{3}{5}P = \frac{7}{2}Q = \frac{7}{5}R$ হয় তবে P, Q, R-এর অনুপাত নির্ণয় করুন:
(a) 3 : 2 : 5 (b) 3 : 35 : 14 (c) 5 : 7 : 5 (d) 35 : 6 : 15

85. A ও B-এর বয়সের অনুপাত 5 : 2 এবং তাদের বয়সের পার্থক্য 15 বছর। তাদের বয়সের সমষ্টি কত?
(a) 32 বছর (b) 35 বছর (c) 37 বছর (d) 39 বছর

86. কোনও বিদ্যালয়ে পরিচালন কমিটি নির্বাচনে অরুণবাবু, স্বরূপবাবুকে 65টি ভোটে পরাজিত করেন। যদি তাঁদের প্রাপ্ত ভোটের অনুপাত 6 : 5 হয়, তবে স্বরূপবাবু কত ভোট পেয়েছিলেন?
(a) 320টি (b) 322টি (c) 324টি (d) 325টি

87. A : B = 3 : 4 এবং B : C = 9 : 10 হলে A : B : C = ?
(a) 27 : 36 : 40 (b) 28 : 25 : 23 (c) 25 : 27 : 29 (d) 27 : 29 : 31

88. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 7 : 3, বৃত্তদু'টির ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 49 : 9 (b) 9 : 49 (c) 7 : 9 (d) 9 : 7

89. একটি সংখ্যা 30% বর্ধিত হয় এবং আবার 30% বর্ধিত হয়। শতকরা হিসেবে সংখ্যাটি কত বর্ধিত হল?
(a) 44% (b) 49% (c) 65% (d) 69%

90. কোনও আয়তক্ষেত্রের কর্ণ 15 সেমি এবং দৈর্ঘ্য 12 সেমি। তাহলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করুন:
(a) 108 বর্গসেমি (b) 114 বর্গসেমি (c) 116 বর্গসেমি (d) 112 বর্গসেমি

91. $8\times\sqrt{1\frac{9}{16}} = ?$
(a) 15 (b) 10 (c) 18 (d) 25

92. যদি 7 : x = 17 : 5 : 22.5 হয় তবে x-এর মান কত?
(a) 7 (b) 8 (c) 9 (d) 10

93. যদি $x^2 + 9y^2 = 6xy$, তাহলে x : y = ?
(a) 1 : 3 (b) 3 : 1 (c) 1 : 2 (d) 2 : 1

94. রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 10 মিটার ও 20 মিটার। তাহলে রম্বসের আয়তন নির্ণয় করুন:
(a) 50 বর্গমিটার (b) 65 বর্গমিটার (c) 70 বর্গমিটার (d) 100 বর্গমিটার

95. $\sqrt{432\div24+123-20} = ?$
(a) 9 (b) 10 (c) 11 (d) 12

96. $\frac{(0.09)^2-(0.03)^2}{0.09+0.03} = ?$
(a) 6 (b) .6 (c) .06 (d) .006

97. $\sqrt{\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}} = ?$
(a) 1.732 (b) 2.732 (c) 3.732 (d) 4.732

98. দু'টি সংখ্যার যোগফল 45 এবং অন্তর 5; ওদের গ.সা.গু নির্ণয় করুন:
(a) 5 (b) 4 (c) 3 (d) 2

99. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং ওদের ল.সা.গু 180; ছোট সংখ্যাটি কত?
(a) 30 (b) 35 (c) 40 (d) 45

100. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4; তাদের ল.সা.গু 120; সংখ্যাদু'টির যোগফল নির্ণয় করুন:
(a) 70 (b) 72 (c) 74 (d) 75

#### উত্তর

1(c), 2(a), 3(b), 4(d), 5(c), 6(d), 7(c), 8(c), 9(b), 10(b), 11(b), 12(b), 13(b), 14(c), 15(a), 16(c), 17(d), 18(b), 19(a), 20(a), 21(b), 22(c), 23(d), 24(a), 25(a), 26(c), 27(d), 28(b), 29(c), 30(b), 31(c), 32(a), 33(c), 34(b), 35(c), 36(a), 37(b), 38(c), 39(d), 40(b), 41(c), 42(d), 43(c), 44(c), 45(b), 46(c), 47(a), 48(b), 49(d), 50(a), 51(c), 52(d), 53(b), 54(c), 55(a), 56(a), 57(b), 58(b), 59(b), 60(b), 61(d), 62(d), 63(d), 64(a), 65(c), 66(c), 67(b), 68(a), 69(c), 70(b), 71(b), 72(b), 73(d), 74(c), 75(c), 76(a), 77(c), 78(a), 79(a), 80(b), 81(a), 82(b), 83(c), 84(d), 85(b), 86(d), 87(a), 88(a), 89(d), 90(a), 91(b), 92(c), 93(b), 94(d), 95(c), 96(c), 97(c), 98(a), 99(d), 100(a).

#### সমাধান

76(a): ধরা যাক, A, B ও C-এর মাসিক বেতন যথাক্রমে 2x, 3x ও 5x
$\therefore 5x - 2x = 600 \therefore 3x = 600 \therefore x = 200$
$\therefore$ B-র বার্ষিক বেতন = $(3 \times 200) \times 12 = 7200$ টাকা।

77(c): বিজোড় সংখ্যাগুলি হল: 21, 23, 25, 27, 29
$\therefore 21 + 23 + 25 + 27 + 29 = 125.$

78(a): ধরা যাক, প্রথমে রানের গড় ছিল = x [18তম ইনিংস পর্যন্ত]
$\therefore 18 \times x + 98 = 19(x + 4)$
$\Rightarrow 18x + 98 = 19x + 76 \Rightarrow x = 98 - 76 = 22$
$\therefore$ 19তম ইনিংসের পর তাঁর রানের গড় = $(22 + 4) = 26.$

79(a): ক্ষতির হার = $\frac{(5-4)\times100}{5} = \frac{1}{5}\times100 = 20\%.$

80(b): মিনিটে $100 \times d$ মিটার, ঘণ্টায় $100 \times d \times 60$ মিটার
$= 6000 \times d$ মিটার = $\frac{6000\times d}{1000}$ কিমি = 6d কিমি/ঘণ্টা।

81(a): ধরা যাক, একটি বলের ক্রয়মূল্য = x টাকা
$\therefore$ 15টি বলের ক্রয়মূল্য = 15x টাকা
এখন 15টি বলের বিক্রয়মূল্য = 480 টাকা
$\therefore$ ক্ষতির পরিমাণ 3টি বলের ক্রয়মূল্যের সমান বা 3x টাকা
শর্তানুযায়ী, $15x - 480 = 3x \Rightarrow 15x - 3x = 480$
$\Rightarrow 12x = 480 \Rightarrow x = 40.$

82(b): $(a + b + c)^2 = (6)^2$
$\Rightarrow a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca) = 36$
$\Rightarrow 14 + 2(ab + bc + ca) = 36$
$\Rightarrow 2(ab + bc + ca) = 22 \Rightarrow ab + bc + ca = 11.$

83(c): $\frac{1}{x^2}+\frac{1}{y^2} = \frac{1}{(2+\sqrt{3})^2}+\frac{1}{(2-\sqrt{3})^2} = \frac{1}{7+4\sqrt{3}}+\frac{1}{7-4\sqrt{3}}$
$= \frac{7+4\sqrt{3}+7-4\sqrt{3}}{49-48} = 14.$

84(d): $\frac{P}{5/3} = \frac{Q}{2/7} = \frac{R}{5/7}$
$\Rightarrow P : Q : R = \frac{5}{3} : \frac{2}{7} : \frac{5}{7} = \left(\frac{5}{3}\times21\right) : \left(\frac{2}{7}\times21\right) : \left(\frac{5}{7}\times21\right)$ [3, 7, 7-এর ল.সা.গু = 21] = 35 : 6 : 15.

85(b): ধরা যাক, তাদের বয়স যথাক্রমে 5x বছর এবং 2x বছর

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) 10 (b) 9 (c) 8 (d) 7

23. কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) হোস্টেল (b) হোটেল (c) ক্লাব (d) পান্থনিবাস

24. পাভা, জাভা অপেক্ষা বড়। জাভা, মাভার থেকে বড়। রাভা, সাভার মতো বড় না হলেও জাভার থেকে বড়। মাভা, জাভার মতো বড় নয়, কে সব থেকে ছোট?
(a) জাভা (b) মাভা (c) পাভা (d) রাভা

25. IMAGINATION শব্দটিতে ক'টি ভাওয়েল ও ক'টি কনসোনেন্ট আছে?
(a) যথাক্রমে 2 ও 3টি (b) যথাক্রমে 2 ও 4টি (c) যথাক্রমে 6 ও 5টি (d) যথাক্রমে 3 ও 4টি

26. ভাস্কো-দা-গামা ভারতের কোথায় প্রথম অবতরণ করেছিলেন?
(a) কোচিন (b) কলকাতা (c) মুম্বাই (d) কালিকট

27. ভ্লাদিমির পুতিন হলেন:
(a) রাশিয়ার প্রধানমন্ত্রী (b) রাশিয়ার রাষ্ট্রপতি (c) বসনিয়ার রাষ্ট্রপতি (d) পোল্যান্ডের রাষ্ট্রপতি

28. সারা ভারতে আপৎকালীন অবস্থা কে জারি করতে পারেন?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) প্রধান সেনাপতি (d) লোকসভার অধ্যক্ষ

29. দুধ হল একপ্রকার দ্রবণ যাকে বলা হয়:
(a) ইমালসন (b) জেল (c) ফেনা (d) ফন

30. গদর পার্টির প্রতিষ্ঠাতা ছিলেন কে?
(a) সৈয়দ আহমেদ খান (b) লালা হরদয়াল (c) শ্রী অরবিন্দ ঘোষ (d) রাসবিহারী বোস

31. 'ব্রতচারী আন্দোলন' কে গড়ে তুলেছিলেন?
(a) বাল গঙ্গাধর তিলক (b) দয়ানন্দ সরস্বতী (c) গুরুসদয় দত্ত (d) স্বামী বিবেকানন্দ

*এরপর দশের পাতায়*

প্রশ্নানুযায়ী, $5x - 2x = 15$ বা, $3x = 15$ বা, $x = 5$
তাদের বয়স যথাক্রমে $5 \times 5 = 25$ বছর ও $5 \times 2 = 10$ বছর
$\therefore$ তাদের বয়সের সমষ্টি $(25 + 10) = 35$ বছর।

86(d): মনে করি অরুণবাবু, স্বরূপবাবুর প্রাপ্ত ভোটের পরিমাণ 6x এবং 5x
প্রশ্নানুযায়ী, $6x - 5x = 65 \Rightarrow x = 65$
স্বরূপবাবুর প্রাপ্ত ভোটের পরিমাণ = $5 \times 65 = 325$টি।

87(a): এখানে, A : B = 3 : 4 বা, $\frac{A}{B} = \frac{3}{4}$, $\frac{A}{B} = \frac{3\times9}{4\times9} = \frac{27}{36}$
আবার, $\frac{B}{C} = \frac{9\times4}{10\times4} = \frac{36}{40}$ $\therefore A : B : C = 27 : 36 : 40.$

88(a): ধরা যাক, বৃত্ত দু'টির ব্যাসার্ধ 7r একক এবং 3r একক
প্রথম বৃত্তের ক্ষেত্রফল = $\pi(7r)^2$ বর্গএকক
দ্বিতীয় বৃত্তের ক্ষেত্রফল = $\pi(3r)^2$ বর্গএকক
বৃত্তদু'টির ক্ষেত্রফলের অনুপাত = $\pi(7r)^2 : \pi(3r)^2 = 49r^2 : 9r^2 = 49 : 9.$

89(d): $30 + 30 + \frac{30\times30}{100} = 60 + \frac{900}{100} = 69\%.$

90(a): আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = 15 সেমি
আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 12 সেমি
আয়তক্ষেত্রের প্রস্থ = $\sqrt{(15)^2-(12)^2} = \sqrt{225-144} = \sqrt{81} = 9$ সেমি
আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = $12 \times 9 = 108$ বর্গসেমি।

91(b): $8\times\frac{25}{16} = 8\times\frac{5}{4} = 10.$

92(c): $\frac{7}{x} = \frac{17.5}{22.5}$ বা, $x = \frac{22.5\times7}{17.5} = 9.$

93(b): $(x - 3y)^2 = 0 \Rightarrow x - 3y = 0 \Rightarrow x = 3y \Rightarrow \frac{x}{y} = \frac{3}{1}.$

94(d): রম্বসের আয়তন = $\frac{1}{2}\times d_1\times d_2 = \frac{1}{2}\ 10\times20 = 100$ বর্গমিটার।

95(c): $? = \sqrt{18+123-20} = \sqrt{121} = 11.$

96(c): $\frac{(0.09+0.03)(0.09-0.03)}{0.09+0.03} = (0.09 - 0.03) = 0.06.$

97(c): $\sqrt{\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}\times\frac{2+\sqrt{3}}{2+\sqrt{3}}} = \sqrt{\frac{(2+\sqrt{3})^2}{4-3}} = \frac{2+\sqrt{3}}{1}$
$= 2 + \sqrt{3} = 2 + 1.732 = 3.732.$

98(a): বড় সংখ্যাটি = $\frac{45+5}{2} = 25$
ছোট সংখ্যাটি = $45 - 25 = 20$
25, 20 -এর গ.সা.গু = 5.

99(d): ধরা যাক, সংখ্যা দু'টি যথাক্রমে 3x ও 4x
ওদের ল.সা.গু = 12x
$12x = 180$ বা, $x = 15$
ছোট সংখ্যা = $3 \times 15 = 45.$

100(a): সংখ্যা দু'টি যথাক্রমে 3x ও 4x
তাদের ল.সা.গু = 12x, $12x = 120 \Rightarrow x = 10$
$\Rightarrow$ দু'টি সংখ্যার যোগফল = $3x + 4x = 7x = 7 \times 10 = 70.$

প্রস্তুত করেছেন: সাগর রায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

32. 'সীমান্ত গান্ধী' কাকে বলা হয়?
(a) আবদুল গফফর খান (b) মহম্মদ ইকবাল (c) মহম্মদ আলি জিন্না (d) আবুল কালাম আজাদ
33. সিধু কোন বিদ্রোহের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) কোল বিদ্রোহ (b) সাঁওতাল বিদ্রোহ (c) মুণ্ডা বিদ্রোহ (d) সন্ন্যাসী বিদ্রোহ
34. শকাব্দের প্রচলন কে করেছিলেন?
(a) অশোক (b) বিন্দুসার (c) বিম্বিসার (d) কণিষ্ক
35. স্বামী বিবেকানন্দ রচিত একটি গ্রন্থের নাম বলুন:
(a) এ নেশন ইন মেকিং (b) বর্তমান ভারত (c) কথামৃত (d) বঙ্গবন্ধু
36. আর্সেনিক দূষিত জল ব্যবহার করলে কী ঘটে?
(a) চুল পড়ে (b) চর্ম পচন ঘটে (c) হজমের গন্ডগোল হয় (d) কোনওটিই নয়
37. বরফের গলনের ফলে আয়তন:
(a) বাড়ে (b) কমে (c) একই থাকে (d) কোনওটিই নয়
38. ফিউজ তার যে ধাতুসংকর দিয়ে তৈরি হয় তা হচ্ছে:
(a) তামা ও সীসা (b) টিন ও সীসা (c) টিন ও অ্যালুমিনিয়াম (d) লোহা ও দস্তা
39. লেবুতে থাকে:
(a) ল্যাকটিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) অ্যাসিটিক অ্যাসিড (d) ফর্মিক অ্যাসিড
40. পিঁপড়ের হুলে থাকে কোন অ্যাসিড?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) ল্যাকটিক অ্যাসিড (c) ফর্মিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড
41. পারদ হল:
(a) তরল অধাতু (b) তরল ধাতু (c) পারদ সংকর (d) ধাতুকল্প
42. নীচের কোন ধাতুটি হল সবচেয়ে হালকা?
(a) সোডিয়াম (b) পটাশিয়াম (c) লোহা (d) লিথিয়াম
43. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে:
(a) 8.3 মিনিট (b) 8.3 সেকেন্ড (c) 8.3 ঘণ্টা (d) 0.83 মিনিট
44. জার্মেনিয়াম মৌলের সংকেত হল:
(a) J (b) G (c) Ge (d) Ga
45. ভর ও শক্তির তুল্যতা সূত্রের গাণিতিক রূপটি হল:
(a) $E = mc^2$ (b) $E = m^2c$ (c) $\bar{E} = mc$ (d) E = mc3
46. হাইড্রোজেন সালফাইডকে শুষ্ক করার জন্য ব্যবহৃত হয়:
(a) গাঢ় $H_2SO_4$ (b) CaO (c) $P_2O_5$ (d) $Cacl_2$
47. অ্যামোনিয়াম সালফেট হল একটি:
(a) সার (b) বিস্ফোরক (c) জ্বালানী (d) খাবার
48. আমাদের আশপাশে অ্যামোনিয়া গ্যাস নির্গত হলে চোখে কীসের ঝাপটা দেওয়া উচিত?
(a) জল (b) তেল (c) ক্ষার (d) অ্যাসিড
49. অ্যামোনিয়ার সংকেত কী?
(a) A (b) $HN_3$ (c) $NH_3$ (d) কোনওটিই নয়
50. অ্যালুমিনিয়াম ও নাইট্রোজেনের বিক্রিয়ায় উৎপন্ন যৌগটির সংকেত হল:
(a) $Al_2N_3$ (b) $Al_3N_2$ (c) AlN (d) $Al_2N_2$
51. নিউটনের কোন সূত্র থেকে বলের পরিমাপ পাওয়া যায়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
52. ফরমিক অ্যাসিডের সংকেত হল:
(a) $CH_3CO_2H$ (b) $HCO_2H$ (c) $C_6H_5CO_2H$ (d) কোনওটিই নয়
53. কার্বরান্ডাম হল:
(a) $CO_2$ (b) $CaCO_3$ (c) SiC (d) $SiO_2$
54. পাথর ও কাচ পালিশ করতে কী ব্যবহৃত হয়?
(a) আয়োডিন (b) সিলভার (c) সালফার (d) কার্বোনাডো
55. হীরকের বৈশিষ্ট্যগুলির মধ্যে কোনটি সঠিক নয়?
(a) কেলাসাকার (b) স্বচ্ছ (c) উজ্জ্বল (d) নরম ও পিচ্ছিল
56. 15টি সংখ্যার গড় 8, প্রথম 8টি সংখ্যার গড় 6.8 ও শেষ 8টি সংখ্যার গড় 9.5 হলে মধ্যের সংখ্যাটি কত?
(a) 10.4 (b) 10.6 (c) 10.05 (d) 10.5
57. কোনও আসল 10 বছরে দ্বিগুণ হলে 500 টাকার 5 বছরের সুদ কত টাকা হবে?
(a) 200 টাকা (b) 225 টাকা (c) 250 টাকা (d) 265 টাকা
58. $\frac{6288}{\sqrt{?}} = 524$
(a) 144 (b) 64 (c) 16 (d) 8
59. যদি $\sqrt[3]{32} = 2^x$, তখন x = ?
(a) 5 (b) 3 (c) $\frac{3}{5}$ (d) $\frac{5}{3}$
60. 40% of ? = 240
(a) 60 (b) 6000 (c) 960 (d) 600
61. $\sqrt{7+4\sqrt{3}} = ?$
(a) $2+\sqrt{3}$ (b) $\frac{1}{4}+\sqrt{3}$ (c) $2-\sqrt{3}$ (d) $4+\sqrt{3}$
62. দু'টি সংখ্যার অনুপাত 2 : 7। সংখ্যাদু'টির ল.সা.গু 70 হলে, সংখ্যা দু'টি নির্ণয় করুন:
(a) 10, 35 (b) 10, 25 (c) 35, 15 (d) 9, 7
63. 80 থেকে 90-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির গুণফল নির্ণয় করুন:
(a) 598347 (b) 7384 (c) 87 (d) 85
64. তিনটি মৌলিক সংখ্যা এমন যার প্রথম দুটির গুণফল 437 এবং শেষ দু'টির গুণফল 551; মধ্যবর্তী সংখ্যাটি কোনটি?
(a) 23 (b) 29 (c) 19 (d) 17
65. .9, .09, .009 এর ল.সা.গু নির্ণয় করুন:
(a) .000729 (b) .9 (c) .09 (d) .009
66. যদি $27^{2x-1} = (243)^3$ হয় তবে x-এর মান নির্ণয় করুন:
(a) 3 (b) 6 (c) 7 (d) 9
67. 1 থেকে 20-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল নির্ণয় করুন:
(a) 76 (b) 75 (c) 77 (d) 84
68. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 42 বছর, 7 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের 3 গুণ হলে পিতার বর্তমান বয়স নির্ণয় করুন:
(a) 35 (b) 28 (c) 32 (d) 33
69. যদি $\sqrt{1+\frac{x}{144}} = \frac{13}{12}$ হয় তবে x-এর মান নির্ণয় করুন:
(a) 1 (b) 13 (c) 27 (d) কোনওটিই নয়
70. $(19)^2 - (3)^3 - \sqrt{676} + 16 = (?)^2$
(a) 18 (b) 19 (c) 20 (d) 21
71. ইন্দু ও লক্ষ্মীর বর্তমান বয়সের অনুপাত 5 : 7। আট বছর পরে ইন্দুর বয়স 28 বছর হবে। 6 বছর পূর্বে লক্ষ্মীর বয়স কত হবে?
(a) 16 বছর (b) 19 বছর (c) 20 বছর (d) 22 বছর
72. $\frac{(?)^{4/5}}{48} = \frac{12}{(?)^{6/5}}$
(a) 23 (b) 24 (c) 25 (d) 26
73. নীচের ভগ্নাংশগুলির মধ্যে কোনটি দ্বিতীয় বৃহত্তম ভগ্নাংশ?
$\frac{3}{11}, \frac{2}{9}, \frac{5}{13}, \frac{7}{17}, \frac{8}{19}$
(a) $\frac{8}{19}$ (b) $\frac{7}{17}$ (c) $\frac{3}{11}$ (d) $\frac{2}{9}$
74. $\frac{237\times237\times237-137\times137\times137}{237\times237+237\times137+137\times137} = ?$
(a) 374 (b) 100 (c) 0.01 (d) $\frac{1}{374}$
75. নীচের কোন অনুপাতটি, এই $25^{2.5} : 5^3$ অনুপাতের সমান?
(a) 5 : 3 (b) 5 : 6 (c) 1 : 25 (d) 25 : 1

#### উত্তর

1(a), 2(b), 3(c), 4(c), 5(b), 6(c), 7(c), 8(d), 9(a), 10(a), 11(b), 12(d), 13(c), 14(a), 15(c), 16(a), 17(d), 18(a), 19(c), 20(d), 21(c), 22(b), 23(c), 24(b), 25(c), 26(d), 27(b), 28(a), 29(a), 30(b), 31(c), 32(a), 33(b), 34(d), 35(b), 36(b), 37(b), 38(b), 39(b), 40(c), 41(b), 42(d), 43(a), 44(c), 45(a), 46(c), 47(a), 48(a), 49(c), 50(c), 51(b), 52(b), 53(c), 54(d), 55(d), 56(a), 57(c), 58(a), 59(d), 60(d), 61(a), 62(a), 63(a), 64(a), 65(b), 66(a), 67(c), 68(a), 69(d), 70(a), 71(d), 72(b), 73(b), 74(b), 75(d).

#### সমাধান

1(a):
B L O C K
↓+2 ↓−2 ↓+2 ↓−2 ↓+2
D J Q A M

2(b):
S A N D
↓+1 ↓+1 ↓+1 ↓+1
T B O E

3(c): $(6+7)-1 = 12, (5+5)-1 = 9 \therefore ?+4-1 = 11 \Rightarrow ? = 8.$
4(c): $4+9 = 13, 4\times9 = 36, 8+3 = 11, 8\times3 = 24$
5(b): $7\times5 = 35, 5\times5 = 25, 9\times5 = 45.$
6(c): $1+2+3+4 = 10 \Rightarrow 1+0 \Rightarrow 1, 5+5+4+4 \Rightarrow 1+8 \Rightarrow 9$
$? = 5+5+5+5 = 20 \Rightarrow 2+0 \Rightarrow 2.$
7(c): $(8+6)-(5+7) = 2 \Rightarrow (2)^2 = 4$
$(18+15)-(14+13) = 6 \Rightarrow (6)^2 = 36$
$?\ (11+9)-(5+10) = 5 \Rightarrow (5)^2 = 25.$
8(d): $\frac{1\times2\times3\times4}{2} = 12, \frac{2\times3\times5\times4}{2} = 60$
$\therefore ? = \frac{6\times7\times5\times4}{2} = 420.$
9(a): $\frac{5\times6}{3} = 10, \frac{4\times7}{2} = 14, \frac{7\times8}{4} = 14.$
10(a): $\frac{8+3+13}{6} = 4, \frac{10+5+15}{6} = 5, \frac{21+10+11}{6} = 7.$
11(b): $60 \xrightarrow{\div3+1} 21 \xrightarrow{\div3+2} 9 \xrightarrow{\div3+3} 6 \xrightarrow{\div3+4} 6 \xrightarrow{\div3+5} 7.$
12(d): $73 \xrightarrow{-36} 37 \xrightarrow{-18} 19 \xrightarrow{-9} 10 \xrightarrow{-4.5} 5.5 \xrightarrow{-2.25}$ 3.25
$= 36\div2 = 18\div2 = 9\div2 = 4.5\div2$
13(c): $4\times7-20 = 28-20 = 8, 9\times5-25 = 45-25 = 20$
$17\times2-8 = 34-8 = 26, 6\times9-19 = 54-19 = 35.$
14(a) AT $\Rightarrow 1\times20 = 20$, BAT $\Rightarrow 2\times20 = 40$
একইভাবে, CAT $\Rightarrow 3\times20 = 60.$
15(c): a c _b_ b/ a _c_ b b/ _a_ c _b_ .

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

35(c): $\sqrt{44+100} = \sqrt{144} = 12.$

36(a):
$\overline{5}\,\overline{12}$ | 23
4
43 | 112
129
(−) 17

37(d): $(9+16)^{1/2} = (25)^{1/2} = (5^2)^{1/2}$
38(b): নির্ণেয় সুদ $= \frac{5\times12000\times2}{100} = 1200$ টাকা।
39(d): 36 দিনে কাজটি করে = 40 জন
$\therefore$ 30 দিনে কাজটি করে $\frac{36\times40}{30} = 48$ জন।
40(b): 4 মাস : 18 মাস = 2 : 9.
41(a): $(256)^{.16+.09} = (256)^{0.25} = (256)^{25/100}$
$= (256)^{1/4} = (4^4)^{1/4} = 4^{4\times1/4} = 4^1 = 4.$
42(a): আমরা জানি, গ.সা.গু × ল.সা.গু = সংখ্যাদু'টির গুণফল
$\therefore$ অপর সংখ্যা $= \frac{6\times36}{12} = 18.$
43(a): নির্ণেয় সুদ $= \frac{5\times4000\times4}{100} = 800$ টাকা।
44(a): $a^2 + b^2 + 2ab = (a+b)^2$
$\therefore (0.65)^2 + (0.35)^2 + 2\times.35\times.65 = (0.65+0.35)^2 = 1.00.$
45(d): 18 : x = x : 8 বা, 18 × 8 = x2
$x = \sqrt{144} = 12.$

16(a):
+4 (8 → 10 → 12), +4
8 12 10 16 12 ?/20
+2, +2

17(d): $675 \Rightarrow 6+7+5 = 18$
একইভাবে, $481 \Rightarrow 4+8+1 = 13.$
**(18 থেকে 21):** রাম ⇒ ফুটবল, হকি, ক্রিকেট, বাস্কেটবল
সোহন ⇒ ফুটবল, হকি, ক্রিকেট
মোহন ⇒ ফুটবল, হকি, ক্রিকেট, বাস্কেটবল
রহিম ⇒ ফুটবল, ক্রিকেট
রমেশ ⇒ হকি, ক্রিকেট, বাস্কেটবল
18(a): রাম ও মোহন
19(c): রমেশ
20(d): ক্রিকেট
21(c): হকি ও বাস্কেটবল
22(b): $4\times8 = 32 = 16\times2, 6\times10 = 60 = 12\times5$
$12\times6 = 72 = 8\times9.$
23(c): ক্লাব কোনও থাকার জায়গা নয়।
24(b): ব্যাখ্যা: সাভা > রাভা > জাভা > মাভা
পাভা > জাভা > মাভা
56(a): মধ্যের সংখ্যাটি হবে $= [\{(6.8\times8)-(9.5\times8)\}-(15\times8)]$
$= [(54.4+76.0)-120] = 130.4-120 = 10.4.$
57(c): হার $= \frac{100}{10} = 10\%$
$\therefore$ সুদ $= \frac{500\times10\times5}{100} = 250$ টাকা।
58(a): $\frac{6288}{\sqrt{?}} = 524 \Rightarrow \sqrt{?}\times524 = 6288$
$\Rightarrow \sqrt{?} = \frac{6288}{524} = 12 \Rightarrow ? = 12\times12 = 144.$
59(d): $\sqrt[3]{32} = 2^x \Rightarrow 2^x = (32)^{1/3} = (2^5)^{1/3} \Rightarrow 2^x = (2)^{5/3} \Rightarrow x = \frac{5}{3}.$
60(d): $\frac{40\times?}{100} = 240 \Rightarrow 40\times? = 240\times100 \Rightarrow ? = \frac{240\times100}{40} = 600.$
61(a): $\sqrt{4+3+2\times2\times\sqrt{3}} = \sqrt{2^2+(\sqrt{3})^2+2\times2\times\sqrt{3}} = \sqrt{(2+\sqrt{3})^2}$
$= 2+\sqrt{3}.$
62(a): ধরা যাক, সংখ্যা দু'টি যথাক্রমে 2x এবং 7x
প্রশ্নানুযায়ী, $14x = 70 \Rightarrow x = 5$
সংখ্যাগুলি হল 10, 35.
63(a): $81\times83\times89 = 598347.$
64(a): 19 | 437 = 23    23 | 667 = 29
$\therefore$ মধ্যবর্তী সংখ্যাটি হল 23.

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# জ্যাম পরীক্ষা ১৪ ফেব্রুয়ারি

২০২৭ সালের জয়েন্ট অ্যাডমিশন টেস্ট ফর মাস্টার্স বা জ্যাম পরীক্ষা নেওয়া হবে ১৪ ফেব্রুয়ারি (রবিবার)। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, কোলাঘাট ও খড়্গপুর-মেদিনীপুর। পরীক্ষার আয়োজক ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি), খড়্গপুর।

জ্যাম পরীক্ষায় সফল হলে খড়্গপুর আইআইটি-সহ ২৩টি আইআইটি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি)-তে দু'বছরের এম এসসি, এম এসসি ( টেক), এম এস (রিসার্চ), এম এসসি-এম টেক ডুয়াল ডিগ্রি, জয়েন্ট এম এসসি-পি এইচ ডি, এম এসসি-পি এইচ ডি ডুয়াল ডিগ্রি এবং ইন্টিগ্রেটেড পি এইচ ডি-সহ বিভিন্ন স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পড়ার সুযোগ পাওয়া যাবে। এ ছাড়া ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সের চারটি পি এইড ডি প্রোগ্রাম ও দুটি এম এসসি কোর্সেও জ্যাম পরীক্ষার স্কোরের ভিত্তিতে ভর্তি হওয়া যায়। জওহরলাল নেহরু সেন্টার ফর অ্যাডভান্সড সায়েন্টিফিক রিসার্চ, শিবপুরের আই আই ই এস টি, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব পেট্রোলিয়াম অ্যান্ড এনার্জির মতো দেশের প্রথম সারির একাধিক প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রেও জ্যাম পরীক্ষার নম্বর গ্রাহ্য করা হয়।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারবেন। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

জ্যাম-২০২৭ অনলাইন পরীক্ষায় থাকবে সাতটি পত্র— বায়োটেকনোলজি, কেমিস্ট্রি, ইকনমিক্স, জিওলজি, ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স এবং ফিজিক্স। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে তিনটি সেকশনে। তিনটি সেকশনের নম্বর যথাক্রমে ৫০, ২০ ও ৩০। সময় ৩ ঘণ্টা। প্রশ্ন হবে তিন সেকশনের ক্ষেত্রে তিন ধরনের, যথাক্রমে— মাল্টিপল চয়েস, মাল্টিপল সিলেক্ট এবং নিউমেরিক্যাল আনসার। শুধুমাত্র সেকশন-এ-তে নেগেটিভ মার্কিং আছে। প্রার্থী একটি বা দু'টি পত্রের পরীক্ষায় বসতে পারেন। পরীক্ষা হবে দু'টি সেশনে। প্রথম সেশনে (সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা), কেমিস্ট্রি, জিওলজি ও ম্যাথমেটিক্স বিষয়ের পরীক্ষা হবে। দ্বিতীয় সেশনে (দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা) পরীক্ষা হবে বাকি চারটি পত্রের। পরীক্ষার ফল ঘোষিত হবে ১৮ মার্চ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jam.iitkgp.ac.in আবেদন করা যাবে ১২ অক্টোবর পর্যন্ত। অনলাইন আবেদনের সময় জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (২০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (১০-১৫০ কেবি সাইজের মধ্যে) এবং পিডিএফ ফর্ম্যাটে মাধ্যমিকের মার্কশিট (জন্মতারিখ-সহ), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক অনগ্রসরতার সার্টিফিকেট (১০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে একটি পত্রের জন্য ২,০০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা) ও দু'টি পত্রের জন্য ২,৭০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,৩৫০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গোয়া শিপইয়ার্ডে ট্রেনি

ট্রেনি প্রোজেক্ট এক্সিকিউটিভ পদে ৩০ জনকে নেবে গোয়া শিপইয়ার্ড। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ২ বছরের জন্য। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও ১ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৫/২০২৬.

**ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল:** ৯টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২, প্রতিবন্ধী ২)। **ইলেক্ট্রিক্যাল:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২, প্রতিবন্ধী ১)। **ইলেক্ট্রনিক্স:** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১, প্রতিবন্ধী ১)। **ন্যাভাল আর্কিটেকচার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ। এর পাশাপাশি ৩১-৭-২০২৬ তারিখ অনুসারে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ১ বছর মেয়াদের গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-৭-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ওবিসি, প্রাক্তন সমরকর্মী, অগ্নিবীর ও প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৮,০০০ টাকা ও তৃতীয় বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.goashipyard.in আবেদনের শেষ তারিখ ৩ অক্টোবর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ও আধার কার্ড আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

দরখাস্তের ফি বাবদ ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিট এবং সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এইচডিএফসি ব্যাঙ্কে চাকরি কলকাতায়

## ফ্রেশাররাও আবেদনের যোগ্য

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতায় কিছু টেলি সেলস অফিসার নেবে এইচডিএফসি ব্যাঙ্ক। ফ্রেশার গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে ব্যাঙ্কের বিজনেস এনহ্যান্সমেন্ট ইউনিট তথা ব্যবসা সম্প্রসারণ বিভাগে। এই নিয়োগের জব আইডি: ৬৯০৪৩।

প্রধানত বিপণনের দায়িত্ব। ক্রেতার প্রয়োজন বুঝে ব্যাঙ্কের আর্থিক পণ্য বিপণন, টেলি সেলস অফিসারদের অন্যতম প্রধান দায়িত্ব।

আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hdfc.bank.in/careers ওয়েবসাইটের ইকুয়াল অপরচুনিটির নীচের স্লাইডারগুলির মধ্যে 'উড়ান' শীর্ষক বক্সে ক্লিক করলে এই চাকরি-বিষয়ক বিশদ তথ্য পাবেন।

# কেন্দ্রীয় সংস্থায় ৩২৬ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন বিভাগে ৩২৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিংয়ের মেয়াদ ১ থেকে ২ বছর। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ হবে মহারাষ্ট্রের ট্রম্বে ও থলে।

**আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** অ্যাকাউন্টস এক্সিকিউটিভ: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: বি কম-সহ বিবিএ। অথবা ইকনমিক্স নিয়ে পড়ে স্নাতক। এর পাশাপাশি কম্পিউটার চালনা ও ইংরেজি ভাষা জানা থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৬০টি। রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (হিউম্যান রিসোর্স): ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কম্পিউটার ও ইংরেজি ভাষা জানা থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** কেমিক্যাল ২০টি। সিভিল ১৫টি। কম্পিউটার ১০টি। ইলেক্ট্রিক্যাল ২০টি। ইনস্ট্রুমেন্টেশন ২০টি। মেকানিক্যাল ২০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট): ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট): ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্লান্ট): ৬টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

বয়লার অ্যাটেন্ড্যান্ট: ২টি। ইলেক্ট্রিশিয়ান: ৬টি। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি): ২টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। প্রশিক্ষণের মেয়াদ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ানের ক্ষেত্রে ১৫ মাস, বাকি দুই ট্রেডের ক্ষেত্রে ২ বছর।

হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক। প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**বয়স:** সব ক্ষেত্রেই ১-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাসে ১৭,৩০০ টাকা, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাসে ১৫,৯০০ টাকা। অ্যাটেন্ড্যান্ট অপারেটর, ইনস্ট্রুমেন্ট মেকানিক ও ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাসে ১৭,৩০০ টাকা। বয়লার অ্যাটেন্ড্যান্ট, ইলেক্ট্রিশিয়ান, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ও হর্টিকালচার অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাসে ১৪,৬০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে অথবা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। ১-৭-২০২৩-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইট: https://apprenticeshipindia.gov.in এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in

রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৭৫ কেবি সাইজের মধ্যে) এবং সই (২৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

অনলাইন আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সংস্থার এই ওয়েবসাইট: www.rcfltd.com

স্বনির্ভরতার সন্ধান

# শহরমুখী মৌমাছিরা একই সঙ্গে সংকট ও সম্ভাবনা তৈরি করছে

মৌমাছিদের শহরে আসার প্রবণতা বাড়ছে। এটা একটা বিপদ সংকেত, একইসঙ্গে উন্মোচিত হচ্ছে একটি সম্ভাবনার দিকও। ছাদ-বাগানে রাসায়নিক মুক্ত শাক-সবজি, ফল, ফুল উৎপাদনে এই মৌমাছিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।
জানাচ্ছেন মৌমাছি পালক ও জৈব মধু উৎপাদক তরুণ উদ্যোগপতি **অর্ণব চক্রবর্তী**।



সম্প্রতি সল্টলেক থেকে এক মহিলার ফোন পেলাম— বাড়ির বারান্দায় মৌচাক তৈরি হয়েছে। স্বভাবতই ভয় পাচ্ছেন! গেলাম তাঁর বাড়িতে এক দিন। বাড়ির মধ্যে একটি ছোট বাগান রয়েছে, কিচেন গার্ডেনই বলা চলে। বাগানে কোনও রাসায়নিক সার বা কীটনাশক ব্যবহার করা হয় না। বোঝা গেল, বাড়ির বারান্দার এক কোনায় মৌমাছিদের বাসস্থান গড়ার কারণ। ভদ্রমহিলাকে আশ্বস্ত করলাম এই বলে যে, ওরা আশ্রয় নিয়েছে, আক্রান্ত না হলে ক্ষতি করবে না। রাসায়নিক বিষমুক্ত বাগান ও আশপাশের গাছপালার টানেই সুরক্ষিত বারান্দাটিকে বেছে নিয়েছে তারা। বললাম, দরকারে ওদের আসা-যাওয়ার পথ খোলা রেখে জাল দিয়ে মৌচাক-সংলগ্ন খানিকটা অংশ ঘিরে দেওয়া যায়। মহিলা আশঙ্কামুক্ত হলেন। তিনি মৌচাকটিকে রেখে দিয়েছেন।

উল্লেখযোগ্য বিষয় হল, ইদানীং এমন ডাক আমি মাঝেমধ্যেই পাচ্ছি কলকাতার বিভিন্ন এলাকা ও অন্যান্য জেলা-শহর থেকে। এটা মৌমাছিদের একটা নতুন প্রবণতা! চাষের অঞ্চলের কাছাকাছি শহর ও আধা-শহরগুলিকে মৌমাছিরা তাদের ডেরা বাঁধার জন্য নির্বাচন করছে। এর মূল কারণ হল, চাষের খেতে কিংবা ফুল-ফলের বাগানে অতিরিক্ত মাত্রায় রাসায়নিক সার ও কীটনাশকের প্রয়োগ তারা সহ্য করতে পারছে না। লক্ষ করে দেখবেন, শহরে রাস্তার ধারে এমনিতেই বেড়ে ওঠা বড় গাছগুলিতে মৌচাকের সংখ্যা বেড়ে গিয়েছে। মৌমাছিদের এই আচরণ, কৃষিতে অজৈব সার ও কীটনাশকের ব্যবহারজনিত পরিবেশ সংকটের ইঙ্গিত দিচ্ছে।

তবে, মৌমাছিদের শহরে আগমন আর-একটি শুভ সম্ভাবনারও দরজা খুলে দিচ্ছে। শহরের বাড়িগুলিতে অনুকূল পরিবেশ পেলে অনায়াসেই তৈরি হতে পারে ফল, সবজি বা ফুলের বাগান। এক চিলতে ফাঁকা জমি বা খোলা ছাদ থাকলেও চলবে। সেখানেই স্বল্প খরচে গড়ে তোলা যায় বাগান। সার বা কীটনাশক হিসেবে রাসায়নিকের প্রবেশাধিকার থাকবে না সে বাগানে। এর ফলে মৌমাছিরা বাগানকে বসবাসের পল্লি বলে নির্বাচন করলে তা বরং শাপে বর পাওয়া! মৌমাছিরা পরাগমিলনের মাধ্যমে বাগানের ফলন বাড়াতে প্রভূত সাহায্য করবে। বাগানের উৎপাদিত ফসলের সঙ্গে পাওয়া যাবে উৎকৃষ্ট মধু। সংগ্রহ করা যাবে ফুলের রেণু। বাজারে তার দাম খুব বেশি। পাওয়া যাবে প্রাকৃতিক মোম। মৌমাছির বিষের দাম তো আকাশছোঁয়া! আর সেই সঙ্গে বাগানে উৎপাদিত যে-ফল বা শাক-সবজি আপনি খাবেন তাতে রাসায়নিক বিষের নামগন্ধ থাকবে না।

জৈব সারে তৈরি ছাদ-বাগানের ধারণা নতুন কিছু নয়। শহরে ও শহরতলিতে অনেকেই ছাদ-বাগান তৈরি করেছেন। এ ছাড়াও কলকাতা, সল্টলেক, নিউ টাউন, বৃহত্তর কলকাতা এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে বড় বড় আবাসনের ছাদে সম্মিলিত ভাবে সংগঠিত আকারে ছাদ-বাগান তৈরির উদ্যোগ নেওয়া যায়। অনেকে মিলে উদ্যোগ নিলে নিজেদের প্রয়োজন মিটিয়ে উৎপাদিত ফসল বিক্রি করা যায়। জৈব সারে উৎপাদিত শাক-সবজির বিপুল চাহিদা রয়েছে বাজারে। চাহিদা আর জোগানের মধ্যে ঘাটতিও বিপুল। তাই ভালো দাম পাওয়া যায়।

ছাদ-বাগান কিংবা অন্য কোনও বাগানে মৌমাছি বাসা তৈরি করলে আতঙ্কিত হয়ে পড়বেন না। দরকারে বাগানে দুটো মৌমাছি পালনের বাক্স বসিয়ে দিতে পারেন। দীর্ঘদিন ধরে নিজে মৌমাছি পালন করি, দেশের বিভিন্ন অঞ্চল থেকে মৌমাছি ও মধু সংগ্রহ করে থাকি, সেই অভিজ্ঞতা থেকেই জানি, মৌমাছি খুবই দায়িত্বশীল পতঙ্গ। শত্রু-মিত্র ভেদাভেদ করতে পারে। এই পৃথিবী ও মানবসভ্যতাকে বাঁচিয়ে রাখার জন্য এই ছোট্ট পতঙ্গটির বিপুল অবদান।

মৌমাছি পালন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০০৩৯-৯১৩৮৯।

# রাজ্যে জুডিশিয়াল সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা ২৭ সেপ্টেম্বর মিসলেনিয়াস প্রিলিমিনারি ৪ অক্টোবর

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নম্বর: ০৯/২০২৪ অনুসারে ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস, ২০২৪-এর প্রিলিমিনারি পরীক্ষা আয়োজিত হবে ২৭ সেপ্টেম্বর। কলকাতা ও দার্জিলিং জেলার বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা চলবে বেলা ১২টা থেকে দুপুর আড়াইটে পর্যন্ত। ১৫ সেপ্টেম্বর থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://psc.wb.gov.in অন্য দিকে, পিএসসি-র বিজ্ঞপ্তি নম্বর: ১৩/২০২৪ অনুসারে মিসলেনিয়াস সার্ভিসেসের (প্রিলিমিনারি) পরীক্ষা ৪ অক্টোবর। কলকাতা-সহ রাজ্য জুড়ে ২৬টি কেন্দ্রে পরীক্ষা আয়োজিত হবে। সময় বেলা ১২টা থেকে দুপুর দেড়টা। পরীক্ষার্থীরা ২২ সেপ্টেম্বর থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: https://psc.wb.gov.in

47 YEARS OF EXCELLENCE | NARAYANA SCHOOLS - WEST BENGAL | CREDMONT INTERNATIONAL SCHOOL Forging Destinies By Igniting Minds

Take your career to new heights with one of Asia's largest educational institutions.

| | |
|---|---|
| TELE CALLERS | PG/Bachelor's degree, exp of 2 - 3 years of experience in education sector |
| COUNSELLORS | Any degree with 1 - 2 years of experience in education sector |
| AGM | Any degree with 1 - 2 years of experience in education sector |
| MARKETING EXECUTIVES | Any degree with 1 - 2 years of experience in education sector |

WALK-IN INTERVIEW

15th Sep, 2026 (Tuesday): 10:00AM to 4:00PM

16th Sep, 2026 (Wednesday): 10:00AM to 4:00 PM

Narayana School, Howrah : 86956 40600/72781 71626

Credmont International School, KWIC : 62912 55679/87773 71390

Mail your resume to: mampisaha@narayanagroup.com

# চাকরির জন্য টিসিএসে নাম নথিভুক্ত করা যাচ্ছে

**নিজস্ব প্রতিনিধি:** তথ্য-প্রযুক্তি সংস্থা টাটা কনসালটেন্সি সার্ভিসেসের টিসিএস নেক্সট স্টেপ নিয়োগ-উদ্যোগে ইনফর্মেশন টেকনোলজি ও বিজনেস প্রোসেস সার্ভিসেস বিভাগে চাকরির জন্য নাম নথিভুক্ত করা যাচ্ছে। যে-কোনও একটি বিভাগের জন্যপ্রার্থীপদ নথিভুক্ত করা যাবে।

বিজনেস সার্ভিসেস বিভাগে চাকরির জন্য নাম নথিভুক্ত করতে পারবেন বিভিন্ন শাখার গ্র্যাজুয়েটরা। যত দ্রুত সম্ভব নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://nextstep.tcsapps.com/indiacampus/#/

# জমিদার পরিবারের শিকড় থেকে বিশ্বমানের প্রতিষ্ঠানের রূপকার



**ডা: কালী প্রদীপ চৌধুরী**

কেপিসি গ্রুপ অব কোম্পানিজ-এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান, উদ্যোগপতি, সমাজসেবী এবং প্রতিষ্ঠান নির্মাতা।

ডা: চৌধুরী একজন বোর্ড-সার্টিফায়েড অর্থোপেডিক সার্জন। তিনি কলকাতার ন্যাশনাল মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি অর্জনের পর মালয়েশিয়া, ইংল্যান্ড, কানাডা এবং যুক্তরাষ্ট্রে উচ্চতর চিকিৎসাশিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ করেন। ১৯৮২ সাল থেকে তিনি অর্থোপেডিক সার্জন হিসেবে চিকিৎসা পরিষেবা দিয়ে আসছেন। তিনি আমেরিকান অ্যাকাডেমি অব অর্থোপেডিক সার্জনসের একজন ফেলো।

# ফল বেরল

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট) এক্সামিনেশন, ২০২৬-এর লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://www.upsc.gov.in

MBBS ADMISSION GUIDANCE 2026

85% GOVERNMENT State Quota Seats-এ

ভর্তির সুযোগ

| NEET Score | Category |
|---|---|
| 500+ | A |
| 401-500 | B |
| 301-400 | C |
| Below 300 | D |

- Kolkata and District Government Colleges
- Available Seats: 6

Admission Wallah

☎ 9830009011

A Jadavpur University Alumnus Academic Venture




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in